গাহিত্য পরিষদ্গ্রন্থাবলী—সং ৫৬ অর্ক্সপ্রত্যা-বিপ্রাম ১৭৮%

শ্রীরামাই পণ্ডিত-বিরচিত

শ্রীযুক্ত ননীগোপাল বন্দ্যোপাধ্যায় সম্পাদিত

नानरगानात

রাজা রাও শ্রীযুক্ত যোগীক্রনারায়ণ রায় বাহাছরের

मन्भूर्व बारम

কলিকাতা, ২৪৩) অপার সার্কুলার রোড় বলীর-সাহিত্য-পরিষৎ মন্দির হইতে শ্রীরামকমল সিংহ কর্ত্তক প্রকাশিত।

১৩২৩

সাধারণ পক্ষে—১০
শাখা-সভার
স্ব্যা—
পরিষদের সদক্ত
পরিষদের সদক্ত

শ্রীগোরাঙ্গ প্রেস, প্রিটার—শ্রীঅধরচন্দ্র দাস, ৭১/১ নং মূজাপুর ব্লীট, কলিকাতা।



বৌদ্ধর্ম্মের শেষ, ধর্মপূজা সম্বন্ধে প্রায় বিশ বৎসর ধরিয়া নানারূপ বিচার-বিতর্ক চলিতেছে— তাহার চূড়ান্ত মীমাংসার জন্ম আমাদের এই "ধর্মপূজাবিধান" বাহির হইল।

১। পুথির পরিচয়

এই পৃত্তকের মূল—এসিরাটিক সোসাইটীর একথানি তালপাতার পুথি (নং ১৯৮); অক্ষর—বাঙ্গলা, এক শত বংসরের পুরান্ত। পুথির ২১নং পাতার প্রথম পৃষ্ঠ পর্যান্ত আংশে পুত্তকের প্রথম থও হইরাছে। ২১নং পাতার ২য় পৃষ্ঠ হইতে নৃতন নম্বর আরম্ভ ইইয়া. ১—৯৬ পর্যান্ত গিয়াছে। এই অংশ লইয়া পুত্তকের দিতীয় থও হইয়াছে। বাকি ৪৫ পাতায় কেবল রামাই পভিতের ছুড়া। ছুড়াঞ্জিল পরিশিষ্টে দেওয়া হইয়াছে।

(১) প্রথম খণ্ডে অতি সংক্রেপে পূজার ব্যবস্থা— বুঁকা প্রির্মানন । (২) দিতীয় খণ্ডে পূজাপদ্ধতি অতিবিস্তৃত। (৩) আর পরিশিষ্টের রামাই পণ্ডিতের কথা মহামহোপাধ্যায় প্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশর প্রথম প্রকাশ করেন — "ধর্ম্মাকুরের পূথি পড়িতে গেলেই এক জনের নাম সর্বাত্র দেখিতে পাওরা যায়, ইহার নাম রামাই পণ্ডিত। লাউসেনের মাতা রঞ্জাবতী ইহারই আশ্রমে শালে ভর দিরাছিলেন। ইনি ধর্মপূজার জাদিওক।" পরে

১। সাহিত্য-পরিবৎ-পত্রিকা--->৩০৪, পৃ: ৬২।

শীবুক্ত বাব্ নগেজ্বনাথ বস্থ প্রাচ্যবিদ্যামহার্থব মহাশন্ন রামাই পঞ্জিতের শৃত্যপুরাণ প্রকাশ করেন। প্রথম প্রথম কেবল রামাই পঞ্জিতের ছড়া লইনাই ধর্মপূজা চলিত। রামাই পঞ্জি মহাশন্ন ব্রাহ্মণদিগের হইনা অনেক প্লীড় করিনা গিন্নার্ছেন। ২ ধর্মঠাকুরের নাম করিনা যে নীচ শৃদ্রজাতি খান—এ তাঁর কিছুতেই দহু হইত না।

২। পুথির বিষয় ধর্মের পূজা—তাহার কাল ও স্থান

এই ধর্মের পূজা, মানতের পূজা, শুক্লপক্ষের তৃতীয়া তিথি হইতে আরম্ভ করিয়া চতুর্দনী পর্যায় দাদশ দিবস উৎসব চলিত; দাদশ জন সন্মাসী হইত। উৎসবের নাম গৃহভরণ বা বারমতি গৃহভরণ।

সঙ্কল্প

পৃ: ১৮। . শ্রীবিষ্ণুরে । তৎসদদ্য অমুকে মাসি শুক্রে পক্ষে তৃতীয়ায়ান্তিথাবারভ্য পূর্বাঙ্গীকৃতহাদশদিবসীয়গৃহভরণ-ধারশোধনকর্মণি অমুকগোত্র: শ্রীঅমুকদেবশর্মা শ্রীশ্রীভিকামঃ
ধর্মদেবপূক্তন অমুকবিরচিত-ধর্মপুরাণোক্তধর্মদেবসংগীত-

২। পৃ: ৬ মোর নাম করি শুদ্র জত সব থার।
পিতৃয়াতৃ খণ্ডর তার ঘোর নরক পার॥
আন্ত দেখিরা যেন খার অতি হথে ।
চুসিতে চুসিতে যেন আঠি লাগে বুকে॥
তেমন আমার দ্রব্য লোভেতে মরন।
সবংশে তাহার নাশ করিজে নিধন॥

গানবাদ্যন্ত্যাদিভিদ্ব দিশদিবসীয়-ধর্মদেবগৃহভরণমহোৎসব-মহং করিষ্যে।

পৃ: ২০। ও অদ্যেজ্যাদি অমুকগোত্র: শ্রীসমুকদেবপর্মা পূর্বাঙ্গীকৃত
ভাদশদিবসীয়-গৃহভরণকর্মণি গণেশাদি-শ্রীশ্রীধর্মদেবপূজ
নাদিকর্মকরণায় অমুকাদিগোত্রান্ শ্রীসমুকদাসাদি যথা
নামধেয়ান্ সন্ন্যাসাদিদ্বাদশ ভক্তান্ ভবতোহং র্ণে।

আমাদের দেশে, ব্যাণ্ডেল কাটোয়া বেলের পাটুলি ষ্টেসনের নিকট জামালপুরে, এক ধর্মরাজ আছেন। সেথানে ত বৈশাখী শুক্রা চতুর্দ্দশীতেই গোঁহার পূজা হয়; অনেক ছাগ ও শৃকর বলিদান হয়; প্রকাণ্ড মেলা বদে; ঐ দিন স্ত্রীলোকেরা সম্ভানের কল্যাণে "ঘরভরার উপোদ" করেন।

এই পুথিতে বলে—বল্লুকা নদীর তীরেই প্রথম ধর্ম্মঠাকুরের আবি-র্ভাব ও পূক্তা আরম্ভ হয়।

পৃঃ ২২। শনিবার ত্রত করিল বল্লুকার তীরে।
ত্রন্ধা হরিহর আছেন গোসাঞির বরাবরে॥

এই বয়ুকা নদী বর্দ্ধমান জেলার ভিতর দিয়া গিয়াছে। নদীর তীরে বডোর্যানে এক ধর্ম্মঠাকুর ও আছেন। এক কালে তাঁহার এক প্রকাণ্ড মন্দির ছিল। মন্দিরের কাজ-করা পাথরগুলি চারি দিকে ছড়াইয়া পড়িয়া আছে। ধর্ম ঠাকুর পাছে রাগ করেন, এই ভয়ে সে পাথরগুলি কেহ স্পর্নিও করে না। এখন ধর্ম্মঠাকুর মন্দিরের অতি নিকটে একথানি উত্তর-দক্ষিণে লম্বা একতালা কোটা ঘরে আছেন। মন্দিরের হয়ার পূর্বাদিকে, দক্ষিণেও একটি দরজা আছে। মন্দিরের সম্মুথে বড় একটি নটিমন্দির। সারি সারি থামের উপর একটি

ছাদ। পূজা পার্কণে ও উৎসবে এথানে অনেক লোকের সমাগম হয়। ধর্ম ঠাকুরের অধিকারিণী মৃথি পণ্ডিত, অর্থাৎ মোক্ষদা ঠাকুরাণী, জাতিতে ডোম, উপাধি পণ্ডিত—অর্থাৎ তিনি ডোমের পণ্ডিত। মৃথি পণ্ডিত অতি শুদ্ধাচারে থাকেন। তিনিই ধর্ম্মচাকুরের নিত্য পূজা করেন; বড় বড় পালপার্কণে ব্যাকরণ-জ্ঞানা একজন পণ্ডিত লইয়া আসেন, তিনিই বড় বড় পূজা করিয়া থাকেন। পূজার মন্ত্র,—যস্যাস্থোহনাদিমধ্যো…। ধর্মচাকুর নিজে কয়েরটা আবরণ-দেবতার সহিত একথানি কার্চের সিংহাসনে বিরাজ করেন। ধর্মচাকুরের জমাজমি বেশ আছে। চাসের পর থড়ে ও ধানে নাটমন্দিরটি পরিপূর্ণ হইয়া যায়। নিকটবর্ত্তী অনেক গ্রামেই ধর্মচাকুরের আরও মন্দির আছে।

বয়ুকা নদী, বর্দ্ধমানের নিকট দামোদর হইতে উঠিয়া মৃজাপুরের থালে পড়িয়াছে। নদীটি এখন মজিয়া গিয়াছে; সব জায়গায় জল থাকে না; কিন্তু বডোর্যানে, বিশেষ ধর্মঠাকুরের মন্দিরের নীচে, একটি বাওর হইয়া বেশ চটাল নদীর মত দেখা যায়। উহার জল অতি পরিকার। এই বয়ুকা নদীই ধর্মঠাকুরের তীর্থস্থান।

৩। ধর্মা শিব নহেন, হিন্দুর কোন দেবতা নহেন, সাক্ষাৎ বুদ্ধদেব

এখন কেহ কেহ ধর্ম্মের পূজায় যে বৌদ্ধর্মের শেষ—ভাহা না মানিয়া রব ভূলিয়াছেন—ধর্মের পূজা শিবেরই পূজা। কিন্ত "ধর্মপূজানিধানে" অনেকগুলি আবরণ-দেবতার পূজা করিতে হয় ও শিব আবরণদেবতাদেরই এক দেবতা মাত্র। নীচে প্রথম ও বিতীয় খন্তের আবরণদেবতাগণের নাম দেওয়া ইইতেছে।

প্রথম খণ্ডের আবরণ-দেবতা

বলা বাহুল্য, রঘুনন্দন যে ধর্ম্মের এই পূজাপদ্ধতি লিখিবেন, এ কথা কেহই বিষাস করিবেন না। লোকে যখন রঘুনন্দনকে শাস্ত্র-কার বলিয়া মানিয়া লইয়াছে, তখন কেহু ধর্মঠাকুরকে হিন্দু-দেবতামগুলের মধ্যে লইতে গিয়া, রঘুনন্দনের নামে এই পূথি লিখিয়াছেন। আবরণদেবতাগণের নাম;—গণেশ, স্র্য্য, বিষ্ণু, শিব, হর্মা, লক্ষ্মী, বিষহরি, ভৈরব, বাশুলা, সরস্বতী, কুবের, ষষ্ঠী, ভগবতী প্রভৃতি। ধর্ম্মের শক্তি কামিনার সহিত ধর্মের পূজা, হর্মার পত্ত লক্ষ্মীর পূর্বের, করিবার ব্যবস্থা।

দ্বিতীয় খণ্ডের আবরণ-দেবতাগণের নাম,—

গণেশ, হর্যা, বিষ্ণু, শিব, লক্ষী, বহুমতী, বিশালাক্ষী, বিষহরী, বরুকনাথ, ক্ষেত্রপাল প্রভৃতি ভৈরবগণ, ব্রহ্মাণী, মহেশ্বরী, বৈষ্ণবী, বারাহী, নারসিংহী, ইন্দ্রাণী, চামুখা দেবী, বাশুলী, সরস্বতী, কুবের, ক্ষীরসমূদ্র, ষষ্ঠী, ভগবতী, ব্রহ্মা, গরুড়, বিশ্বকর্মা, দ্বারপালগণ, নন্দী, কামদেব, বাণেশ্বর, প্রভাস্থর, দশদিক্পাল, শ্বেতপঞ্জিত, নীলপভিত, কংসারিপভিত, রামাই পশুত ও নব অগ্নি। মধ্যে শিবের পর অতি বিস্তৃত ধর্মপূজা—সকলের শেষে কামিনার পূজা।

আবরণ-দেবতাগণের পূজার পর নানা দেবদেবীর, নানা দেশের ও ভক্তবৃন্দের নাম করিয়া এক একটি ফুল দিতে হইবে। [পৃঃ ১২৬—১০৪] ইহার মধ্যে মগরপণ্ডিত, কালুঘোষ, ভট্ট ধরাধর, ভাররন্পতি, মণ্ডিরঘোষ, সাধুপুর দত্ত, ভারুলি, উত্তররাঢ়, দক্ষিণরাঢ়, আশোয়াচাণ্ডাল, আদিনাথ, দীননাথ, চৌরাঙ্গনাথ, গোরনাথ, পঞ্চপৌড় ও রাজা গৌড়েশ্বরকে ক্ল দিবার কথা আছে।

ধর্মের আবরণ-দেবতাগণের মধ্যে শিবকৈ দেখিয়া ও আশোয়াচাণ্ডালকে পর্যান্ত ফুল দিবার ব্যবস্থা পড়িয়াও যদি কেই ধর্মকে
ব্রাহ্মণের আরাধ্য দেবঙা শিব বলিয়া সন্দেহ করেন, তবে তাঁহারা
আরও দেখুন;—

পৃ: ৮৯। ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরং সেবা করে নিরস্তরং।

ইন্দ্র আদি ভজেন্নিতাং সেই দেব নিরঞ্জনং॥

শ্রীধর্মায় নম:।

আরও দেখুন ;---

পৃঃ ২১৫। ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর আদি দেবগণে।

একমনে স্তব করে দেব নিরঞ্জনে ॥

কেহত আনলে জলে কেহ স্তব করে।

কেহ তপুক্তা কোরিল সপ্তদালের উপরে॥

কার তপ নিরাহার কার পবন আহার।
হরের কঠোর তপুস্তা কোহিতে অপার॥
হঠে মাথায় তপুস্তা করেন তৃলোচন।
দেখিতে না পাইলেন ঠাকুর নিরঞ্জন॥
ধর্ম বলেন দেখা দিব কেমনে ইহায়।
উদ্ধৃক পাত্র মোরে কহু না উপার॥ ইত্যাদি ইত্যাদি।

তিনি সর্বদেবময়---তিনিই শিব, তিনিই মহাবিষ্ণু, তিনিই গোকুলে গোপাল। এখনও কি তাঁহাকে শিব বলিবেন ?

শুধু শিব কেন ৪ ধর্ম হিন্দুর কোন দেবতাই হইতে পারেনী না—কেন না, তিনি হিন্দুর চারি বেদের বাহির। পৃঃ ৭৬। বেদ পঞ্চমগোচরুং পদতলং·····

ধ্যায়েদ্ধর্মনস্তমাদিরছিতং উল্লুকপৃষ্ঠে স্থিতং॥ পু: পৃ: ১৬৫।

বাড়ি কোথা পণ্ডিতের কোন দেব ভজ।
কন্মূর্ত্তি ধ্যান কর কন্দেব পূজ॥
কন্মূথে পূজা কর কন্বেদ পড়।
শীঘ্রগতি কহিল্যাম চাতুরালি ছাড়॥

প্রত্যুর্তর।

বাড়ী মোর বরুকার।
পূজি শ্রীনৈরাকার॥
স্বস্থাই ধ্যান করি।
সাকার মূর্ত্তি ভজি॥
পূর্বামূথে পূজা করি পঞ্চম বেদ পড়ি।
সিম্রগতি কহিলাম চাতুরালি ছাড়ি॥

যদি এখনও ধর্মপূজার 'বৌদ্ধগন্ধ' না পান, তবে আরও দেখুন,— এক ছড়ার রামাই পণ্ডিত জলধির তীরে জগরাথকে বৃদ্ধরূপে ভগৰান্ বলিরা, আর একটি ছড়ার বলিলেন, জগরাথ দেখানে হিন্দু-মুসলমান একছত্র করিয়া গৌড়ে গিরা আপন নাম ধর্মহারাজ্ঞা বলাইলেন। 9: २०४।

জলধির তীরে স্থান বোদ্ধরূপে ভগবান্ হয়া তুমি রূপাবলোকন।

প্রশাদ করেতে দিয়া।

- কৈলে ভূমি নৈরাস গুমন ॥

পু: ২১৪। দশমুক্তে গোসাঞি বলালে জগন থি।
নিমের পৃতিম গোশাঞি স্বর্ণের হাত ॥
হিত্তু মুছুলমান তোথা একছত্র করিঞা।
আপনা জানান প্রভূ জানান্ জানিঞা॥
হাতে লিলে তির কামঠা পায় দিয়া মজা।
গৌড়েতে বলেন গিয়া ধর্ম মহারাজা॥

৪। ধর্মপূজাবিধি পুস্তক সম্বন্ধে বক্তব্য

" বস্তুতঃ আমাদের এই ধর্মপূজাতেই বৌদ্ধর্মের শেষদশা। কিন্তু বৌদ্ধর্মের শেষদশা বলিলে বিশেষ কিছুই বুঝা যায় না। নানা দেশে নানা জাতির মধ্যে পড়িয়া বৌদ্ধর্মের কত বিচিত্র মৃর্ত্তি, কত বিচিত্র পরিণতি ঘটিয়াছে—এ বিষয়ে আর নৃতন করিয়া বলা নিশুরোজন। অশোক রাজ। যেমন দক্ষিণাঞ্চলে সিংহল পর্যান্ত সদ্ধর্ম প্রচার করিলেন, পরে তথা হইতে ব্রহ্মদেশে ও আরাকানে ধর্মের প্রতিষ্ঠা হইল; তেমনই শক নরপতি কনিদ্ধ হইতে সমগ্র উত্তরাঞ্চলে বৌদ্ধর্মের প্রতিষ্ঠা হইল। যার্কান্দ-থোকান্দ হইতে গুজরাট্, অন্ত দিকে আফগানিস্তান হইতে যমুনা পর্যান্ত—শকরাজের স্থিবিস্তৃত রাজ্য—পশ্চিম-হিমালয়ের উভর পার্মেই তাঁহার অক্ষুপ্র প্রতাপ। তাঁহারই কল্যাণে বৌদ্ধর্মের প্রভাব, আফগানিস্তান,

তুর্কান্তান, চীন, পরে চীন হইতে কোরিয়া, মঙ্গোলিয়া, জাপান প্রভৃতি দেশে বিস্তৃত হইরা পড়ে। এমন কি, কালচক্রতদ্বের টীকা বিমলপ্রভা হইতে জানা যায় যে, নাল (Nile) নদীর তীরে স্থান্ত ক্ষম-দেশভাষায় সদ্ধর্মের প্রচার হয়।

সত্য সত্যই বুদ্ধাদেবের এর্মে জগতে এক মহাবিপ্লব ঘটিয়াছিল। প্রাচীন মানব-সমাজে মামুষের গড়া কোন ধর্ম্মেরই অস্তিত্ব ছিল না। আমাদের যেমন 'অপৌরুষেয়' বেদ—তেমন্ই পুরাকালে দকল লোক-সমাজেই, আকাশমণ্ডলে অনন্ত গ্রহ-নক্ষত্রের মত, অনন্ত সংস্বারপুঞ্জ, আপনা আপনি ফুটিয়া উঠিয়া সমস্ত অন্ধকার দূর করিয়া দিত, মহা জীবনসমস্থার সমাধান করিয়া দিত; তা সে সমাধান দর্প-ব্যাদ্রের পূজাতেই হউক, কি প্রকৃতির শক্তিবিশেষের স্থবস্তোতেই হউক। সর্ব্ধ প্রথম বুদ্ধদেব আসিয়া জগতের এক দিকে প্রাচীন कारनत এই সংস্থারসম্পত্তি চূর্ণবিচূর্ণ করিয়া দিলেন, জগৎ নৃতন করিয়া গড়িলেন। অভা দিকেও আবার বৃদ্ধদেবের পরঁ, আরও ছইটি পুরুষ (বিশুঞ্জীষ্ট ও মহম্মদ) উঠিয়া তাহাই করিয়া গেলেন। জগৎ গুভাজু (যাহারা গুরু ভজনা করে) হইয়া গেল। কেবল কি জানি কেন, এই ভাঙ্গাগড়ার মধ্যে ভারতের আর্য্যদমাজ আজিও সেই পরাকালের অপৌরুষেয় সনাতন ধর্ম ধারণ করিয়া বর্জমান। याहा हाक. এই व्यक्षकशह्वांभी महाविश्वतित्र मर्था सामास्क्र এই কুদ্র ধর্মপূজাবিধানের স্থান কোপায়—নির্ণয় করিতে হইবে। পর তার বৌদ্ধদাহিত্য আলোচনা করিয়া দেখিব, কোথায় কিরুপে সন্ধ্রের মধ্যে পূজাপাঠের হত্তপাত হইল, কিরুপেই বা তাহার व्यामारम्य এই धर्माश्रुकार्ण व्यवनाम इहेन।

(।। প্রথম স্তর

বৌদ্ধধর্মের মধ্যে পূজাপাঠ কোথা হইতে আদিল ? বৃদ্ধদেবের
নিক্ষ মুখের কথা কি, জানা যার না। সে বিষয়ে কোন লেখাপড়াই
নাই। লেখাপড়ার প্রথম আমরা পাই, বিশ্বপূজ্য শাক্যসিংহের
বিশ্বপূজ্য শিষ্য অশোকরাজার শিলালিপিগুলি। তাহাতে ত ধর্ম
বলিতে যাক্য বৃঝি, সে দম্বন্ধে ত বিশেষ কোন কথা নাই। তাহাতে
কেবল দয়াদাক্ষিণ্যের কথা, আর ত্রিরত্বশরণের ব্যবস্থা। লেখাপড়ার
প্রথম বৌদ্ধধর্মের কথা পালিভাষার সিংহলের ত্রিপিটক শাস্ত্রেই
পাওয়া যায়। অশোক রাজার উদ্যোগে তিয়মোগ্যলিপুত্তের
অধীনে পাটলিপুত্রে বৌদ্ধ মহাসভার যে বৈঠক হয়, তাহারই সিদ্ধান্ত
লাইয়া এই ত্রিপিটক শাস্ত্র গঠিত হয়। ত্রিপিটকে মহাসভার সিদ্ধান্ত
গভালি ঠিক থাকিলেও ভাষায় ত তাহার অনেক পরিবর্ত্তন হইয়াছে।
পালি অশোকের অন্ততঃ ২০০ বংসর পরের ভাষা। তাহা হইলে
বৃদ্ধদেবের ৫০০ বংসর পর, আমরা প্রথম তাঁহার যে ধর্মের কথা
শুনি, তাহাতে ত পূজাপাঠের কোন বিষয়ই নাই।

বৃদ্ধদেব ইক্স, অগ্নি, বরুণ প্রভৃতি দেবতাগণের অন্তিম্ব অস্বীকার করিলেন না; কিন্তু বলিলেন—তাঁহার সহিত তাঁহাদের কোন সম্পর্কই নাই। বৈদিক ধর্মের বিরুদ্ধে তিনি কথাটি কহিলেন না। ব্রাহ্মণেরা যাগযক্তে দেবতাগণকে প্রসন্ধ করিয়া যাহা যাহা লাভ করেন, সকলই তাঁহার চক্ষে অকিঞ্চিৎকর। মামুবের জীবনে কোন দেবতার কোন হাত নাই। তিনি বাুদশ নিদানের ব্যাখ্যা করিয়া দেথাইলেন, এ সংসার এক কারণপরস্পারার উপর প্রভিতিত।

তিলমাত্র এ দিক্ ও দিক্ হইবার উপায় নাই। এই কারণ-পরম্পরার চরমফল—জন্ম-জরা-ব্যাধি-মৃত্যু-হাহাকার! সংসার-সাগরের তরঙ্গবিক্ষেপে দিগ্দিগস্ত হইতে উঠিতেছে এক অবিশ্রাস্ত হাহাকার ধ্বনি! আর, এই ঘদশনিদানের মৃদ—অবিদ্যা অন্ধকার! দেবতারা থাকে থাক—তাহাদের সহিত আমার এই অন্ধকারমগ্র চিরহাহাকারপূর্ণ জীবনের কোন সম্বন্ধই নাই।

কিন্তু তিনি একটি আশার কথা বলিলেন যে, এই হঃথপূর্ণ সংসার ভোগ করিতে আত্ম। বলিয়। কোন বস্তুর স্বতন্ত্র অন্তিত্ব নাই। তিনি দেখাইলেন-জীবন পঞ্চয়ের মিলনের ফল-মাত্র; ইহার স্বতন্ত্র কোন অস্তিত্বই নাই। পঞ্চশ্বন—(১) রূপ (জড় জগতের ভিন্ন ভিন্ন গুণ) ; (২) বেদনা (ইন্দ্রিয়ের অনুভূতি), (৩) সংজ্ঞা (ইন্দ্রিয়ন্ত্রারে পুন: পুন: আবিভূতি, পুন:পুন: তিরোভূত পদার্থ সকলের মনোমধ্যে ধারণা), (৪) সংস্বার (চিত্তের বৃত্তি ও গতি); (৫) বিজ্ঞান (যুক্তি, বিচার, বিতর্ক)। মামুষের ভিতর ও বাহির ছই দিক্ই বুদ্ধদেব • দেখাইয়া দিলেন ; বলিলেন—'পঞ্চন্ধন' ভিন্ন আর কিছুই নাই। কিন্তু কিরুপে এই পাঁচের মিলন ৰটে ? বৃদ্ধদেব বলিলেন,—কর্ম্মে। কর্মপ্রভাবেই পাঁচের মিলন ঘটিতেছে, কর্মপ্রভাবেই সংসার চলিতেছে। কর্ম অনস্তকোটি প্রকার, পাঁচের মিলনেও অনস্তকোটিপ্রকার রূপ। যেমন কর্মে. তেমন রূপ—যেমন কাজ, তেমন সাজ। কর্মা নিজের পঞ্চম্বন্ধময় সৃষ্টি অবলম্বন করিয়া চলিতে চলিতে, বাড়িতে বাড়িতে নৃতন নৃতন অসংথা কর্ম সৃষ্টি করিতেছে, আর পুরাণ মৃষ্টিটি ভালিয়া তাহার স্থানে নৃতন নৃতন মূর্ত্তি গড়িতেছে, আবার ভালিতেছে। কর্মপ্রভাবেই পঞ্চমন্ধ মিলিত হইতেছে, বিক্লিপ্ত হইতেছে, আবার মিলিত হইতেছে, আবার বিক্ষিপ্ত হইতেছে। একট জীব, কর্ম্ম করিরা জন্তবান হইল, তাহার ছানে সেই কর্মের বন্ধণাভোগ করিবার জন্ত নৃতন লাবের জন্ম হইল, ইহারা আবার নৃতন নৃতন জীবের বন্ধণাভোগের জন্ত কর্মসঞ্চর করিয়া চলিল। এইরপে হর্মার কর্মান তাহাহ চলিতেছে—ইহার আদি কোথার জানি না, কিন্তু ইহার শেব করিব। তৃষ্ণাতেই নৃতন নৃতন কর্মের উৎপত্তি। 'তৃষ্ণানিরোধ' কর, কর্ম্ম আপনি ক্ষীণ হইরা পড়িবে। যাগ্যক্ত কর আর না কর, ইল্রিগজর, 'তৃষ্ণানিরোধ' না করিলে কর্ম্মকর হইবে না, কর্মাকর না হইলে বন্ধণা হইতে অব্যাহতি নাই।

এই ত দক্ষিণ অঞ্চলের বৌদ্ধধর্মের কথা—পূজাপাঠের কোন প্রসন্ধর নাই। দক্ষিণ অঞ্চলের বৌদ্ধধর্ম বরাবর একভাবেই আছে। এই জন্ত এই সম্প্রদারকে উত্তরাঞ্চলের বৌদ্ধগণ স্থণা করিয়া হীনযান ব্লিতেন ও আপনাদের মত মহাযান বলিয়া প্রচার করিতেন। মহাযানেক কি অভাবনীর পরিণাম হইরাছে, পরে দেখা ঘাইবে।

উত্তর অঞ্চলের ধর্মেই বা দেবদেবীর পূর্জাপদ্ধতি কিরপে চলিল ?
চীনের বৌদ্ধগণ-নানা উৎকট বিকটাকার দেবদেবীর বা রাক্ষ্য-রাক্ষ্যীর মূর্ত্তি পূর্জা করিরা থাকে। শকনরপতি কনিছের উদ্যোগে আলদ্ধরে যে মহাসভার অধিষ্ঠান হয়, তাহাতে ত্রিপিটক শাল্রেরই জীনভাষার ভার্মের গরিবর্তিন হয়; এই পরিবর্তিত ত্রিপিটক শাল্রেরই জীনভাষার ভার্মা হইরাছিল। তাহাতে দেবদেবীর পূর্জাপদ্ধতির কোন কথা আছে কি মা, আলভ জানা বার নাই; বদি না থাকে, তবে ব্যাতি হবৈ, এই পূর্জাপতি চীনের নিক্ষা। আলভ কোন পর্ভিত সে দিকে মনোবোগ করিলেন মা।

তবে এক কথা,—শকরাজগুরু অশ্ববোষের তুইথানি গ্রন্থ আমাদের হস্তগত হইয়াছে। প্রথম বুদ্ধচরিত কাউবেল সাহেব বাহির করেন; দ্বিতীয় সৌন্দরনন্দ কাব্য সে দিন মহামহোপাধ্যায় শ্রীষুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় বাহির করিয়াছেন। তাহা হইলে ১৮০০ বৎসর পূর্বে চীনদেশে যে বৌদ্ধধর্ম যায়, সংস্কৃত সাহিত্য হইতে তাহার বিবরণ পাওয়া যাইতে পারে । অশ্বংঘাষের আরও একথানি গ্রন্থ, শ্রদ্ধোৎ-পাদশান্ত্র, পণ্ডিতবর স্বজুকি চীন-ভাষা হইতে ইংরাজীতে তর্জমা করিয়াছেন। অশ্বঘোষের গ্রন্থ আলোচনা করিয়া দেখা যায়-তাঁহার প্রধান কথা "শ্রদ্ধোৎপাদ", "শীলেন্দ্রিয় জয়", "বিতর্কহানি"। তিনিও ব্যাথ্যা করিলেন—পঞ্চয়র "চপল", "অসার", "অনাত্মক", "বধাত্মক।" তিনিও বুঝাইলেন, সকল অবস্থাতেই "ইন্দ্রিয়ের সন্তা", "ইন্দ্রিরের অভ্যাদর"; উহা "অনিতা", "নিরাত্মক", ছঃথকর; উহাতে আবার আসক্তি কেন ? আর কত বলিব ? তিনি শিখাইলেন— "দৃষ্ট" বা "শ্ৰুত" "ব্যবহারধৰ্মো" "অপ্রতিবন্ধচিত্ত" হইতে, "সমাস্ত্রীত্র-গত" হইতে, "বিসংযোগগত" ও মুক্ত হইতে। এথানেও ত পূজা-পদ্ধতির কোন বিষয়ই নাই। তিনিও দেখাইয়াছেন-তপস্থালক স্বর্গাদিস্থভোগ অকিঞ্চিৎকর। তবে কাহার পূজা করিব ? অখঘোষের মতে বুদ্ধদেব নিজে কাহারও প্রণাম পর্যান্ত গ্রহণ করিতে রাজী নহেন। সন্ধর্ম লাভ করিয়া ক্তার্থ নন্দ যথন তাঁহাকে প্রণাম করিলেন, তথন তিনি স্পষ্ট বলিলেন,—

উত্তিষ্ঠ ধর্ম্মে স্থিত শিষ্যজুষ্টে কিং পাদয়োর্ম্মে পতিতোহসি মুর্দ্ধ্যা। অভ্যৰ্কনং মে ন তথা প্রণামো ধর্মে যথৈষা প্রতিপত্তিরে ॥৩

ও। সৌন্দরনন্দ করে।

৬। দ্বিতীয় স্তর

অর্থবাবের শিষ্য প্রশিঘ্যগণ আরও এক পর্দা চড়াইয়া ধরিলেন।
নাম্বাবােষ বলিয়া গেলেন, জগতে কোন বস্তুরই স্বতন্ত্র অন্তিত্ব নাই,
সকলই 'পরায়ন্তজন্ম'; সকল অবস্থাতেই তাঁহারা দেখিলেন, কেবল
'ইক্রিয়সন্তা'। তাঁহারা আর অগ্রসর হইলেন না, এইথানেই
থামিয়া গেলেন। "ইক্রিয়সন্তা" ভিন্ন "বস্তুসন্তা"র সম্বন্ধে তাঁহাদের ভাবিবার কোন প্রয়োজন ছিল না। তাঁহারা মাত্র 'ইথান্তিত'
জগতের, অর্থাৎ জগৎ যেমনটি দেখায়, তাহারই ব্যাথ্যা করিলেন।
ইক্রিয়ের বাহিরে 'বস্তুসন্তা' আছে কি না, তাঁহারা তত দূর ভাবিলেন
না। অর্থবােষের শিষ্য-প্রশিষ্যগণ আরও এক পর্দা চড়াইয়া
স্বন্ধেরও শৃক্ততা ঘােষণা করিলেন, 'বস্তুসন্তা'ও উড়াইয়া দিলেন।
আর্যাদেব "বস্তুভিনিবেশ শিথিল" করিয়া দিবার জন্ত বলিলেন;—

্ৰ ক্লপমেৰ ঘটো নৈক্যং ঘটো নাভোত্তি রূপবান্। ন বিভাতে ঘটে রূপং ন রূপে বিদ্যুতে ঘটঃ॥

> ঘটস্থাবয়বো রূপং তেন তাবন্ন তদ্ঘট:। যন্মাদ্বয়বী নান্তি তেন নাবয়বোপি তৎ॥৪

আর্যাদেবের গুরু নাগার্জ্জুন প্রজ্ঞাপারমিতায় স্পষ্ট বলিলেন,—
"এবমেব যৎকিঞ্চিছিজ্ঞানং অতীতানাগতপ্রত্যুৎপন্নং আধ্যাত্মিকং বা
বাহাং বা ঔদারিকং বা স্ক্রেং বা হীনং বা প্রণীতং বা যদ্বা দূরে যদ্বা
অত্যান্তিকে, তদ্ভিক্ষঃ পশ্রেৎ নিধ্যারেৎ যোনিশশ্চ উপপরীক্ষেত,

৪ চতুঃশতিকা।

তন্ত তৎ পশ্রতো নিধ্যিরতো যোনিশন্ট উপপরীক্ষমাণশ্র অসতো-পাত থ্যায়াৎ, রিক্ততোপি তৃচ্ছতোপি অসারতোপি রোগতোপি গওতোপি শলাতোশ্যাঘতোপি আনত্যতোপি ছংথতোপি শ্রতোপ্য-' নাত্মতোপি অস্ত থ্যায়াৎ। তৎ কন্ত হেতোঃ ? কিমন্মিন্ বিজ্ঞান-রুদ্ধে সারমন্তীতি। যথোপলভাতে বিচার্যমাণশ্র, তথা স্বরূপা-সম্ভবাৎ মায়ায়ুবতিপ্রথাং বিজ্ঞানমিতি শক্যমবসাতুং।" * * * * সব হইয়া গেল। কিছুই কিছু নয়। কোথায় বা সংসার ? কোথায় বা স্বর্গ ? কোথায় বা মামুষ ? কোথায় বা দেবতা ?

বৌদ্ধদর্শন নাগার্জ্জনের পর অভিসময়ালন্ধার শাস্তে এই
শৃত্ত বিজ্ঞানমর দেখিয়াছিলেন মাত্র। মহাযানের শৃত্তবাদ সন্ধর্মে
স্বজ্জুকির মত যে, 'তাঁহারা জগণততত্ব ব্যাখ্যা করিবার কোন ভাষা
না পাইয়াই বলিলেন,—সব শৃত্ত ; অতএব তাঁহাদিপত্তে
"Spiritual nihilist" বলিও না । কেনই বা না বলিব
শৃত্ত বাহারা জগণটো বর্ণনা করিলেন,—"অলাতচক্রনির্মাণস্বপ্রমায়াম্ব্রুচন্দ্রক"বৎ, "ধ্যকান্তঃপ্রতিক্রৎকামরীচাল্র"বৎ, তাঁহারা কি
জগণতত্ব ব্যাখ্যা করিবার ভাষা না পাইয়াই বলিলেন, 'সব
শৃত্ত' ? আমাদের সে সব কথায় বিশেষ প্রয়োজন নাই। আমরা
কেবল দেখিতেছি, বৌদ্ধধর্মের এই দ্বিতীয় স্তরেও পৃঞ্জা-পাঠের কোন
প্রসঙ্গই নাই। এইখানেই ত আন্তিক ব্রাহ্মণ নৈয়ায়িকগণ বোর
প্রতিবাদ তুলিলেন।

৭। তৃতীয় স্তর

বৃদ্ধদেব নিজে ত মানব-জীবনের নিরামক কোন ঈশারেরই সংবাদ দিলেন না। মামুষ ঘাঁহাকে ভক্তিভরে অর্চনা করিতে পারে, ঘাঁহার কুপার কেশমুক্ত ও চরিতার্থ হইরা ঘাইতে পারে, এমন কোন ঈশারের কথা বলিয়া তাঁহার শিষ্যগণকে আশাস্ত করিলেন না। তাঁহার তত্তকথা কর জনেই বা বৃ্ঝিবে, বৃ্ঝিয়া আশাস্ত হইবে ? তিনি ঈশারের কোন সংবাদ দিলেন না বটে, কিন্তু পরিণামে নিজেই ভক্তহাদয়ে ঈশারের আসন গ্রহণ করিয়া বসিলেন।

তাঁহার অন্তর্জানের পর যত দিন যায়, ততই তাঁহার করুণামিশ্ব ছবিথানি, উজ্জ্বলতর, উজ্জ্বলতম হইয়া ফুটিয়া উঠিতে লাগিল।
মন্দিরে মন্দিরে তথাগতের শাস্ত মিশ্ব মৃত্তি, আর উপাসক উপাসিকার
হলরে হাদয়ে তাঁহার করুণার উৎস ছুটিল। তথাগত ও তাঁহার
করুণা বিচিত্র বর্ণে রঞ্জিত হইয়া এই সময়ে এক প্রকার সাহিত্যের
ক্ষি করিল। বৈপুলা প্রভৃতি পুত্র ও জাতক বা অবদানমালা এই
সময়ের ফল। যদি ধৈয়া ধরিয়া এই সাহিত্য পভৃতে পারেন ত মুঝ
হইয়া যাইবেন। এই স্তরেই আময়া দেখি, তথাগতের "কায়বাক্চিত্ত"
মাধুয়োর তরক্ষ তুলিতে তুলিতে অনস্তের সহিত মিশিয়া অনস্ত হইয়া
গোলং। শাস্তমতি তথাগতের "বাক্" মিশ্বা অনাস্ত হইয়া
গোলং। শাস্তমতি তথাগতের "বাক্" মিশ্বা অনাস্তর্কা অনাস্তর্বা
প্রসামন্দির্বা অনুস্করিলার অনাস্তর্বা অনাগ্রেক্তরতা অনাস্তর্বা
শিক্ষা অনুস্করেষায়া অনুস্করেষার অনুস্করা অনাগ্রেক্তরতা অনুস্করেষার অনুস্করের অনুস্করা অনুস্করেষার অনুস্করিষা অনুস্করের বিশ্বা অনুস্করের অনুস্করা অনুস্করের অনুস্করের অনুস্করের অনুস্করা অনুস্করের অ

^{ে।} তথাগতগুক্তক।

পূরণী প্রক্রিরতোষণী প্র (আর কত বলিব) সর্বসন্ধাশয় সংতোষণী প্র দশকিস্ক্রধাতুক্তুরণী" প্র ইহাই "শাস্তমতি তথাগতে"র বাগ্ শুছু। এইরূপ তাঁহার 'কারগুহু' ও 'চিত্তগুহু'। তাঁহার করুণামৃতধারায় নারকাগ্নিদ্ধ প্রাণিকুলও শীতল হইল।

৬ ভগবন্ধরকে বীচো মহানগ্নিস্তদাক্ষণং।
বীচর্ন জ্ঞায়তে তসা জালয়া মহতোর্চিষঃ॥

* শ মহাসবো লোকেশ্বরঃ রুপাছিতঃ।

তত্র সন্থান্ সম্পর্ত্বং প্রবিশতি জগদ্গুরুঃ॥

বপ্রপ্রাকারপর্যান্তময়োময়ং মহীতলম্।

মহদগ্নিস্তদা তত্র প্রোজ্জনাগ্নিশিথাকুলঃ॥

তস্যাং সম্পোষিতা কুজী মহতী তৈলপূরিতা।

* গ গুরাস্থানঃ পাপিষ্ঠা গুরিতারতাঃ॥

এবং তে্ব প্রাণিনো দৃষ্ঠ্য অসহ্যবেদনাতুরান্।

স্বত্ত্বজ্ঞানি ভূঞ্জন্তে তিষ্ঠন্তি পরিতাপিতাঃ॥

তত্রাপ্যসৌ মহাসব্বো লোকনাথো জিনাম্মজঃ।

প্রবিষ্ঠঃ কথমুদ্ধতা সম্প্রেষয় শুভত্তত্ত॥

৮। চতুর্থ স্তর

করুণাসিন্ধু তথাগত-মূর্ত্তির চারি ধারে বিকটাকার ভৈরব-ভৈরবী, রাক্ষস-রাক্ষসী, ডাক-ডাকিনী ঘিরিয়া দাঁড়াইলেন ও পূজার ভাগ লইতে লাগিলেন। চীনের বৌদ্ধগণ যেমন বৃদ্ধদেবের সহিত নিজ-

[.] ৬। আদিবাগ্বস্তাত্তিরত্ববিদ।

দেশের দেবদেবী বা ভূতপ্রেতের পূজা করে, এ দেশেও এক দিন সেইরূপ পূজা চলিত। তথন কোন এক উচ্ছু ঋল মানব-সমাজে পড়িরা, তাহাদের উপাদ্য "দেবতা"দের দহিত মিশিয়া গিয়া, তথাগতও বিক্বত হইয়া গেলেন। এই খোর বিকারের মধ্যেই নানা বৌদ্ধতন্ত্রের উৎপত্তি—মন্ত্রধান, বজ্রধান, কালচক্রধান। ইহাদের সাধারণ নাম 'সহজায়ার'। ইহারা অতীক্রিয়ের কোন ধারই ধারে না। যে ইন্দ্রিগণের সহিত মানুষের উৎপত্তি—ঘাহা লইয়াই মানুষ—যাহা সহজ-- সেই ইন্দ্রিরের ভোগ-- যত রকমে পার, করিতে থাক, মুক্তি मिनिटवरे। आत हारे कि ? वीज्यम तम उपराजार कमजा तारथन ত এই সকল তম্ত্র পড়িয়া দেখুন। আপনারা, মালতীমাধব ও প্রবোধচক্রোদয় নাটকে "বৌদ্ধপাষ্ড" বা এই সময়ের বিক্লত বৌদ্ধ-দিগের বীভৎস কাণ্ড কতক দেখিয়াছেন। তাহাদের কত রকমের তন্ত্র—কত রক্ষের মন্ত্র—কত রক্ষের গান—কত রক্ষের গাথাই ষে আছে, বলিয়া পুথি বাড়াইতে চাহি না। শীঘ্রই পুজাপাদ মহামহোপাধাার শ্রীবৃক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশরের বৌদ্ধতন্ত্রগ্রন্থের विवत्रण वाहित इहेटव, পড़िया (एथिटवन। এथन आमार्एत जुहेवा. কোন দেশে পড়িয়া অনার্য্য-সঙ্গমে তথাগত এরপ বিকারগ্রস্থ इट्टेलन ।

৯। বৌদ্ধতন্ত্রের উৎপত্তিস্থান-নির্ণয়

সকলেই জ্ঞানেন, আর্য্যগণ যে দিক্ দিয়া গিয়াছেন—সে দিকের লোক আর রাখেন নাই; হয় তাহাদিগকে উচ্ছেদ করিয়াছেন, নয় ত তাহাদের স্বতন্ত্রতা একেবারে লোপ করিয়া দিয়া আপনাদের তল্পীদার করিয়া লইয়াছেন। এই ভাবে তাঁহার। পঞ্চনদ হইতে পূর্বমূথে চলিলেন। "বৈদিক" যুগের শেষে স্থলাস নুপতি গঙ্গার ধার পর্য্যন্ত আসিলেন। ু গঙ্গা-যমুনার মধ্যদেশে প্রথম রাজা ভরত রাজা। স্থাপন করিলেন। ক্রমে সমস্ত মধ্যদেশ আর্য্যগণের বসভিতে পূর্ণ হইল-কুরুরাজা, পাণ্ডুরাজা, শুরদেন ও কোশল প্রভৃতি আর্য্যরাজ্যের নাম ভনা যায়। এ দেশে অনার্যাগণের নাম-গন্ধ পর্যান্ত লোপ পাইল। "বৈদিক যুগের" পর এই গঙ্গাযমুনার দেশই আর্যাদিগের মনেক দিন ধরিয়া অনেক লীলা দেথিয়াছে। এইথানেই ত তাঁহাদের মধ্যে প্রলয় কাণ্ড ঘটে। গঙ্গাযমুনার দঙ্গমস্থল প্রিয়াগের পর গঙ্গার এক ধারে নিষধরাজ্য ও অন্ত দিকে কাশী ও বৎসরাজ্য স্থাপিত হয়। এথান হইতেও অনার্য্য-নাম লোপ পাইল। ক্রমে আরও পূর্ব দ্লিকে আর্থাগণ অগ্রসর হইলেন। ক্রমে শুনা গেল, গঙ্গার উত্তর তীরে বিদেহরাক্যা, তথাম রাজধি জনক ও যাজ্ঞবন্ধ্য মধুর তত্ত্থা कहिएउएइन। এই জ্ঞান-বিজ্ঞান-পূর্ণ বিদেহরাজ্যের উভরাঞ্চলেই শাক্যসিংহের জন্ম। গঙ্গার দক্ষিণ মগধদেশে ভীমের শক্ত জরাসন্ধের রাজা। এই অঞ্চলেই বিশ্বামিত্র রাক্ষসদিগের জালায় যাগ্যজ্ঞ করিতে পারিতেন না বলিয়া রাম-লক্ষ্পকে লইলা যান; আশ্রমের পথেই রামচক্র কর্মনাশার তীরে তাড়ক। রাক্ষদীকে বধ করেন।

গঙ্গার এই দক্ষিণাঞ্চলে উাহার৷ তথনও দেখিয়াছিলেন এক নিবিড় বন—৭ "ঝিল্লিকাগণ-নাদিত," "ভৈরব-শ্বাপদ-পূর্ণ।" ক্রমে

তীরং দক্ষিণমাদান্ত জগাতুল ঘূবিক্রমৌ॥

তাঁহারা আশ্রমে উপস্থিত হইলেন, রামচন্দ্রের বারত্বে শ্বায়র যজ্ঞ নির্বিদ্ধে সম্পন্ন হইল, মহাসম্ভট্ট হইরা বিশ্বামিত্র রামলক্ষণকে কেইরা মিথিলার জনক-যজ্ঞে চলিলেন। উত্তরমূথে কিছু দূর আসিরা তাঁহারা শোণ নদ পাইলেন, শোণের ধারে রাত্রি যাপন করিয়া প্রভাতে পার হইলেন, পার হইরা মধ্যাক্তে গঙ্গার ধারে উপস্থিত হইলেন। গঙ্গার উত্তর তীরেই মিথিলা। সেথানে তাঁহারা কি করিলেন, সকলেই জানেন।

হরধমূর্ভঞ্চের পর রামের দীতা লাভ হইল। এইরূপ এ অঞ্চলেও আর্থ্যদিগের গতি-বিধির কথা পাওয়া যায়; কিন্তু গঙ্গার দক্ষিণ তটস্থ রাজমহলশৈলমালার পূর্বধারে তাঁহারা একেবারেই প্রবেশ করিতে পারিলেন না। বরং তাঁহারা আরও কিছু কাল পরে

স বনং যোরসকাশং দৃষ্ট্বা নৃপবরাক্ষজঃ।

অবিপ্রহত্যৈক বৃকং পপ্রছহ মুনিপুলবন্।

অহে বনমিদং তুর্গং ঝিলিকাগণনাদিত্য।

ष्यदश वनामनः प्रशः । याद्यकाशननामिक्यः । टेखत्रदेवः वालदेनः भूनिः मकूरेखन् । क्रनीकटेटः ॥

নানাপ্রকারেঃ শকুনৈর্বাশুদ্ভির্ভেরবস্থনৈঃ। সিংহব্যান্তব্যাহিক বারণৈকোপলোভিত্য॥

* কং স্বেতদ্দারুণং বনম্॥

তমুবাচ মহাতেজ। বিশ্বামিকো মহামূলিঃ।

সেমং পদ্থানমার্ত্য বসতাধার্দ্ধবোজনে।

অতএব চ গন্তবাং তাটকায়া বনং যতঃ॥

—বালীকিরামায়ণ, বালকাও, ২৪শ মুগ।

দক্ষিণে উড়িয়ার মহানদীর ধার পর্যন্ত আসিয়াছিলেন; কিন্তু পূর্বদিকে আর অগ্রসর হইতেই পারিলেন না।

এ দিকেও পিন্ধু নদ বাহিয়া আর্য্যগণ দক্ষিণে গুজরাট পর্যাস্ত আসিলেন। কিন্তু বিদ্যাচল তাঁহাদের গতিরোধ করিল। রামায়ণ পড়িয়া বিন্ধ্য পর্বতের দক্ষিণে রাক্ষদদের কথা সকলেই জানেন।

আর্য্যগণ বিদ্ধ্যাচলের দক্ষিণের লোকের স্থায় বাঙ্গলার লোকদেরও মাহ্যযের মধ্যেই গণনা করিতেন না; তাহাদের ভাষা পার্থীর কিচির-মিচির বলিরা বর্ণনা করিতেন। যাহা হোক, বাঙ্গলার বছ পূর্দের দাক্ষিণাত্যে আর্য্যপ্রভাব বিস্তৃত হইতে থাকে—অগন্তাই তাহার মূলাধার; কিন্তু বাঙ্গলার আর্য্য-ইতিহাস অন্ধকারাচছের। আর্য্য-চক্রুর অন্তরালে, পৃথিবীর চক্ষুর অন্তরালে, বাঙ্গলায় যে কি হইতেছিল, আজও জানা যায় না। শ্রীহর্ষদেবের সময়, যথন ইউরেন্ডার্ন ভারত-ভ্রমণে আসেন—সেই সময়, মাত্র :৪০০ বংসর পূর্বের, সর্ব্ব-প্রথম বিহাৎক্ষুরণের স্থায় চকিতের মত বাঙ্গলায় সামান্ত আলোক দেখা গেল—শাঙ্কদেব তথন কর্ণস্থবর্ণের রাজা। তার পর আবার যে আঁধার, সেই আঁধার। শ্রীহর্ষের ১০০ বংসর পরে আবার বাঙ্গলার কথা শুনা গেল—ভখন কুমারিল ও তাঁহার শিষ্যগণ দেশ ব্যাপিয়া ব্রাহ্মণাধর্মের তরঙ্গ তুলিয়া দিয়াছেন। তরঙ্গ বাঙ্গলা পর্যান্তর গৌছিয়াছে। তথন বাঙ্গলায় পঞ্চ ব্রাহ্মণ আদিয়া তাঁহান্দের কার্য্য আরম্ভ করিয়া দিয়াছেন।

এই ত হইল বাঙ্গলার অবস্থা। এখন রাশি রাশি তালপাতায় বাঙ্গলা অক্ষরে বাঙ্গলায় বদিয়া লেখা বৌদ্ধপুথির সন্ধান পাওয়া গেল। আমাদের দোসাইটীতে হাজার বৎসরের পুরাণ একথানি বৌদ্ধতন্ত্রের পূথি আছে। পূথিখানি হরিবদ্মদেবের রাজত্বের সময় লেখা হয়। আরও সন্ধান পাওয়া গিয়ছে, ৯০০ বৎসর পূর্বে দীপক্ষর আজান ও অভয়াকরগুপ্ত প্রভৃতি কত কত বাঙ্গলার বৌদ্ধ পণ্ডিত, তিবকতে নিজে গিয়া বা মিশন পাঠাইয়া, তিবকতের ভাষায় বৌদ্ধ গ্রন্থ তর্জ্জমা করিয়া, আজ যে তিবকতে "Grossly idolatrous Boodhism" চলিতেছে, তাহারই প্রচার করেন: এই সব দেখিয়া শুনিয়া আপনারাই বলুন, কি মনে হয় ?

বিদ্যাচলের দক্ষিণাঞ্চলে ভাল করিয়া সন্ধান হয় নাই। সেখানেও, মৃচ্ছকটিক পড়িয়া, কাঞ্চীতে দিঙ্নাগের মত পণ্ডিতকে দেখিয়া, মালতীমাধবের কাপালিকদের দেখিয়া ও চালুক্যদের ইতিহাস আলোচনা করিয়া, বথেষ্ঠ বৌদ্ধপ্রভাবের প্রমাণ পাওয়া যায়।

কিন্তু পুথি-পাঁজি না পাওয়া পর্যাস্ত কোন কথা বলা চলে না।

তাহা হইলে যত দ্র জানা যায়, বাঙ্গলা দেশেই অনার্য্য-সঙ্গমে বৃদ্ধদেবের চরম অধাগতি হয়। এইথানেই বৃদ্ধদেব "নৈরাত্মা দেবীর" সহিত শৃত্যে ঝাঁপ দিয়া, করুণায় "দ্ব" হইয়া গেলেন। ক্রমশঃ সনাতন ধর্ম প্রবল হইয়া উঠিয়া তাঁহার দল প্রাস করিতে লাগিল। সত্য সত্যই এইবার বৃদ্ধদেব শৃত্য-সাগরে ঝাঁপ দিলেন, তিনি কোথায় মিশিয়া গেলেন, খুঁজিয়া পাওয়া যায় না; কিন্তু তাঁহার করুণা রহিয়া গেল। শৃত্যতা করুণা ভিন্না—শৃত্যতার ও শেষ নাই, তাঁহার করুণার ও শেষ নাই।

১০। হিন্দুধর্ম্মের পুনরভ্যুদয়, বৌদ্ধর্ম্ম লোপ, বৌদ্ধ-সাহিত্যে "ধর্মপুজাবিধানে"র স্থান

ক্রমে ভারত-চিত্তে শ্রীবৃন্দাবনচন্দ্রের করুণামৃতমূর্ত্তি ফুটিরা উঠিল। রামারণের কথা ত পকলেই জানেন। রামারণী কথার ভারে ক্ষণ-কথাও ভারতের মতান্ত প্রিয় ছিল। মহাভারতের ক্লঞ্জের কথা অধিকাংশই প্রক্রিপ্ত ব'লিয়া মনে করিলেও, পতঞ্জলি তাঁহার ভাষো রামায়ণেরই মত কৃষ্ণকথাপ্রিত কোন মহাকাব্য হইতে অনেক উদাহরণ তুলিয়াছেন ৮। পতঞ্জলির ১০০ বৎসর পরে অখ-ঘোষও সৌন্দরনন্দ কাবো শক্তি, ঐশ্বর্যা সকলই অনিতা দেখাইবার জন্ম রুক্তের উদাহরণ দিয়াছেন। এইবার তিনি বৈকুঠের আভা ছ ভাইরং গোপিকা-বেষ্টিত হইরা দাঁড়াইলেন। এইরূপে সীতারামের যুগলমূর্ত্তি ও মধুর হইতে। মধুরতর হইয়া ফুটিয়া উঠিল। হিন্দুতন্ত্রেও দেখা গেল, জগজ্জননী সম্ভানের তঃখে কাতর হইয়া রুষা কৈলাদ শিথরে জগৎপিতার সহিত বসিয়া, তাহাদের উদ্ধারের জক্ত ভাবিয়া উঠিয়াছেন। আর এ দিকে বরাভয়করা শ্রীকালিকা। এইরূপে যে निष-कर्नामा भाकानिःर এक मिन जन् जय कतियाहितन. সেই মন্ত্রে ব্রাহ্মণগণ দীক্ষিত হইয়া নূতন রূপে প্রকাশিত হইলেন; भाकाजिः (हत्र मास्त्रहे. डांहाता भाकाजिः (हत्र पूर्वन हिन्न-जिन मन. আবার বশ করিয়া লটলেন।

৮। জ্বান কংসং কিল বাহ্দেবঃ — ৩। ২। ১১১ স্ত্রের ভাষ্য। অসাধুম তুলে কৃষ্ণ:— ২০০৬ স্ত্রের ভাষ্য। শঙ্কর্গছিতীরতা বলং কৃষ্ণতা বন্ধতাং — ২।২।২০ স্ত্রের ভাষ্য। ইহা আমার নৃতন আবিদ্ধার নয়। বছ দিন পূর্বের রাষকৃষ্ণ গোপাল ভাগ্যারকর ইহা দেখাইয়াছেন।

ইতিহাসের গণ্ডীর মধ্যে আসিয়া আমরা দেখি, এই "বৌদ্ধপাষণ্ড-দলনে" প্রথম ও প্রধান কন্মী কুমারিল; কুমারিলের
পর শঙ্কর। কুমারিলের ও ঠাহার শিষাগতের বিষয় পূর্কেই
বলিয়াছি। ঠাহার শিষ্যগণের মধ্যেই বাঙ্গলায় পঞ্চ ব্রাহ্মণ।
পরে মুসলমানের দল আসিয়া ঠাহাদের কার্য্যে অনেক সহায়তা
করিল। মুসলমানের তরবারিতে নালন্দ, বিক্রমশীল, জগদ্দল প্রভৃতি
বিহারের বৌদ্ধ যতি ও পুরোহিত্যণ ভবলীলা সাঙ্গ করিলেন। এথন
ঠাহাদের গৃহস্থ শিষাবর্গ যায় কোথা? এইবার বাঙ্গলার তান্ত্রিকের
দল—কুষ্ণানন্দ, পূর্ণানন্দ, তাহাদের শিষ্য-প্রশিষ্য, সকলে আসিলেন।
বৌদ্ধ গৃহস্থগণ অকুল পাথারে ভাসিতেছিল, ঠাহারা তাহাদিগকে
কেয়েল তুলিয়া লইলেন। তন্ত্রসারে কুষ্ণানন্দ ত প্রকাশ্রভাবে বৌদ্ধ
দেব-দেবীর প্রজাপদ্ধতি রচনা করিয়া দিলেন। ১

ক্রমে রামাই পণ্ডিত ও তাঁহার দলও এই কার্য্যে ব্রতী হইলেন। কেহ বলেন, রামাই ধন্মপালের সময়ের লোক—কেহ বা তাঁহার ছড়াতে মুসলমানদের কথা দেখিয়া বলেন, রামাই মুসলমানদের আসার পর—এই অংশ আবার প্রক্রিপ্ত বলিয়া উড়াইয়া দেওয়া হইল। আমাদের সে কচ্কচিতে কোন দরকার নাই। আমরা কেবল দেখিতেছি, গৌড়ে পঞ্চ ব্রাহ্মণ আসিয়া, তাঁহাদের কার্য্য আরম্ভ করার পর, তা যত দিন প্রেই হউক, তাঁহাদিগেরই কার্য্যে বতী হইয়া, রামাই ও তাঁহার দল, ধর্ম্ম ঠাকুরের পুণি লিখিতে বসিলেন। তাঁহারা অন্ত সকল দেবতাই

^{»।} মহামহোপাধ্যায় প্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়ের বর্দ্ধমানের অভিভাষণ।

ছাঁটিয়া দিলেন, ত্রিরত্বের ছইটি রত্বও ছাঁটিয়া দিলেন, কেবল ধর্মকে রাখিতে তাঁহাদের কোন আপত্তিই রহিল না। প্রথম প্রথম তাঁহাদের ছড়াওঁলি লইয়াই ধর্ম ঠাকুরের পূজা হইত। ক্রমে ধর্মঠাকুরের স্বরূপ একেবারে লোপ করিয়া দিবার জন্ম, ত্রাহ্মণদিগের দেব-দেবীর মধ্যে ধর্মঠাকুরকে বসাইয়া, তাঁহার পূজা চলিতে লাগিল। এই চেষ্টার ফলেই আমাদের এই পুথি হইয়াছে। ইহারই অমুকরণে ভোটদেশেও যম, কুবের প্রভৃতি নানা দেব-দেবীর সহিত ঢাক, ঢোল ও শিক্ষা বাজাইয়া বৃদ্ধদেবের পূজা হয়। এইরূপে বৃদ্ধদেবের অন্তিত্ব একেবারে লোপ করিয়া দিয়া, ধর্মকে হিন্দুয়ানীর মধ্যে আনিবার জন্ম এই চেষ্টা কত দূর সফল হইয়াছে, তাহাও কি আবার বলিতে হইবে ?

গ্রীননীগোপাল বন্যোপাধ্যায়



প্রথম খণ্ড

--:*:--

(রঘুনন্দনকৃত)

(ওঁ নমো নিরঞ্জনায়।

প্রণম্য সচ্চিদানন্দং গোবিন্দং জগতাং গুরুং।. ধর্মপূজাবিধানঞ্চ বক্তি শ্রীরঘুনন্দনঃ॥

তত্র গৃহভরণরূপধশ্ম পূজনম্।

ক্রমো যথা;—

প্রথমত আরম্ভাৎ পূর্ব্বদিবসে দ্বাদশ ভক্তান্ নিরূপ্য ক্ষোরাদিহবিশ্বাং কার্য়েত্বা স্বয়ং চ হবিশ্বাশী সংযতন্তিষ্ঠেৎ। পরদিনে উষস্থাথায় প্রাতঃকৃত্যাদি বিধায় সদ্বাদশভক্তঃ স্নাদ্বা কৃতনিত্যক্রিয়ঃ শ্রীধর্ম্মনিদরং গত্বা পাদশোচাদি বিধায়াদে গুহাভ্যস্তরে ঘটং সংস্থাপ্য গণেশাদীন্ যথাশক্তি সংপূজ্য ততো বহিবেদিসংমুখে লক্ষীসহিতগণেশঘটং স্থাপয়েং। তংক্রমঃ;—

ভূমিধ বিং ঘটস্তোরং পর্ণং রক্তং ফলং ভিথা। গন্ধপুষ্পে চ সিন্দূরং বক্তং স্থৈর্যমথাহ্বরঃ॥

এবংক্রমেণ ঘটং সংস্থাপ্য সামান্তার্ঘ্যাদি বিধায় গণেশাদীন্ সংপূজ্য়েৎ। যথা ;—

স্থূলং সিন্দূরবর্গং গগনঘনঘটাটোপসৌন্দর্য্যরূপং থর্ববং মূষিকবাহনং ত্রিনয়নং নাগোপবীতং শুভম্। শ্রীমন্মত্তগজেন্দ্রবক্তুমমলং দন্তদ্বয়ং কামদং বিন্দে হস্তচতুষ্টয়ং শশিধরং বিদ্বেশ্বরং স্থান্দরম্॥

গণেশায় নমঃ।

আবাহয়াম্যহং দেবং কলসে শুভলক্ষণং।
মুথে রুদ্রং স্থিতো যস্ত কণ্ঠে বিফুং সনাতনঃ॥
মুলে ব্রহ্মা স্থিতো যস্ত ত্রয়ো দেবা ব্যবস্থিতাঃ।
অভ্যন্তরে স্থিতা পৃথী সপ্তদ্বীপাঃ সপর্ববতাঃ॥
গঙ্গা চ যমুনা চৈব নর্ম্মদা চ সরস্বতী।
পুণ্যা গোদাবরী সিদ্ধুঃ কাবেরী চ পুনঃ পুনঃ॥
নদঃ শোণো বর্বরুশ্চ লোহিতাদয় এব চ।
নত্যো নদাশ্চ তীর্থানি কলসে স্থপ্রতিষ্ঠিতাঃ॥

আগচ্ছ ভগবন্ কলস হজ্ঞেহিশ্মন্ সন্ধিগীভব। আবাহয়ামহেং দেবং গণেশং শিবনন্দনং॥ গজবক্ত্ৰ দূৰ্পকৰ্ণং দেবং মূষিকবাহনম্। অবিম্নেশং মহাকায়ং সর্বলোকৈকনাথকম্॥ তমিমং যজ্ঞসিদ্ধ্যর্থং পার্ব্বতীনন্দনং ভজে॥

বেচ্যুপরি অফটদলপত্মং কিন্তা ষোড়শদলপত্মং নির্ম্মায় তত্বপরি সিংহাসনং তত্বপরি ধর্মস্থাপনম্।

লিখিতমগুলমধ্যে কামিনাং ঈশানকোণে স্থাপয়েৎ। পঞ্চবর্ণগুণ্ডিকায়া মণ্ডলং নির্ম্মায় নানাপাটভক্তমেলকৈশ্চ পঞ্চক্তমেলনং কুর্য্যাৎ। অথ সর্বেষাং ব্রাহ্মণাদিভক্তানাং ফলতুলসীপুষ্পাদিভিঃ সংকল্পং বিধায়, উত্তরাদিবিহিতেষু তত্র ক্রমঃ। ভূমে তৎ সিন্দূরং দম্বা স্থাপনং কার্নয়েৎ সূর্য্যমণ্ডলং। গণপত্যাদিদেবতামধ্যে <u>শ্রীজয়ত্বর্গাদেবী</u> त्राक्तार्थि । जिम्मित् कामाप्तवः क्षक्रवर्गः। বামপাখে মদনং হরিদ্রাবর্ণং। উত্তরে হনুমন্তং শুক্লবর্ণং। সম্মুখে প্রতীহারং নীলবর্ণং। দক্ষিণপার্যে কামেথরং গৌর-ঈশানে শ্রীকালিকাং কৃষ্ণবর্ণাং। তদ্দক্ষিণে গগনাক্ষং ধূমবর্ণং। তত্র প্রত্যেকং পুষ্পং দছাৎ। কিম্বা উল্লুকে সূর্য্যমণ্ডলং কিম্বা ভূমে পঞ্চশস্থানি দন্তা। উল্লুকে সূর্য্যমণ্ডলং সিন্দূরেণ। তত্রোপরি পঞ্চশস্তং। স্থবর্ণং ১ রোপ্যং ১ তামং ১ পিত্তলং ১ লোহং ১ এতে পঞ্চ ॥ পঞ্চ ফল। হরিতকী ১ গুবাক ১ জাতিফল ১ এলাইচ ১ লবক্স ১ ' এতে পঞ্চ। পঞ্চপল্লব। ন্যগ্রোধ ১ ন্উডুম্বর ১ জম্মু ১ চম্পক ১ পর্কটী ১ এতে পঞ্চ॥ বৃহদ্বস্ত্রেণাচ্ছাদয়েৎ। তত্র প্রাণপ্রতিষ্ঠাং ব্রাক্ষাণেন বিধায়।

আঁ ব্রাঁ কোঁ। যং রং লং বং শং ষং সং হং কং
হং সঃ শ্রীধর্মস্য প্রাণা ইহ প্রাণাঃ। আঁ ব্রাঁ ইত্যাদি
শ্রীধর্মস্য জীব ইহ স্থিতঃ। ওঁ। ব্রাঁ ইত্যাদি। শ্রীধর্মসর্বেবিদ্রোণি। আঁ ব্রাঁ ইত্যাদি বাগ্মনশ্চক্ষুস্ত্বক্শ্রোত্রআণপ্রাণা ইহাগত্য স্থাং চিরং তিষ্ঠস্ত স্বাহা নমঃ।
ধোঁ ধর্মস্য প্রাণা ইহাগচ্ছ ইহ তিষ্ঠ।
ইতি ধ্যানং।

ধবলাকারিণং দেবং ধবলসিংহাসনে স্থিতং। উল্লুকবাহনং ধর্ম্মমিহমাবাহয়াম্যহং॥

অথ স্থাপনডাক।

কৈলাস ছাড়িয়া গোসাঞি করহ গমন।
দানপতিকে আশীর্কাদ কর অনুক্ষণ॥
তুমি সে আইলে গোসাঞি পূজাতে করি ভর।
বাঁট কর এই স্থানে পদ্মে কর ভর॥

কেহ নাঞি করে গোসাঞি সংকল্প আবাহন। বার ভক্তা। বদা। আচে করিয়া স্মন্তরণ ॥ ঝাঁট করি আইস ধর্ম দেবের দেবরাজ। দানপতির বাসনা পূর্ণ সিদ্ধি কর কাজ॥ তবে দেব ধর্মরাজ অনন্ত শয়নে। রামাঞি মুনির ডাক স্থনিলা সপুনে॥ ত্রস্ত উঠিলা গোদাঞি দেব মায়াধর। উল্লুক বাহনে আল্যা গম্ভিরা ভিতর॥ রামাঞি ভাকিয়া গোসাঞি কহিলা বচন। কোন কার্য্যে তুমি মোরে করিলে স্মঙরণ।। তবেত রামাঞি দ্বিজ চরণে পড়িয়া। ধন্ম কৈ কহেন কিছু হাসিয়া হাসিয়া॥ বার্মতি গৃহভরণ মানান আছিল। স্থাধিবেন দানপতি বাসনা হইল॥ তবে দেব নারায়ণ স্থানল কথন। স্থন স্থন রামাঞি পণ্ডিত ব্রাহ্মণ॥ আমার চুয়ারে দ্বিজ ব্রাহ্মণের মানা নাঞি। অন্নজল খায় বাইয়া স্থাহ তার ঠাঞি॥ ব্রাহ্মণ কেবল তত্ত্ব ব্রাহ্মণ ঈশ্বর। ব্রাহ্মণের তুঃখ হলে কাঁপি থর থর॥

9

এককালে স্থঞা আছি সরিরে ভকতি। ভগুমুনি আস্থা মোকে মাল্য এক নাথি॥ বজ্র সরিরে বড বাজিল চরণ। নিশাভাগে কৈলাঙ তার পদস্বাহন ॥ ব্রাহ্মণ সয়নে আছে কিছু নাঞি জানে। ভুগুরামের নাথি মুঞি রাখ্যাছি জতনে॥ এই দেখ নিরবধি বক্ষস্থলে আছে। স্মঙরণ মাত্রেকে আসি থাকি তার কাছে॥ ইহাত জানিঞা মোকে না করিহ ভেদ। প্রথমেতে বলিদান দিবে মোরে ছেদ॥ িমোর নাম করি শূদ্র জত সব খায়। পিতৃমাতৃ স্বশুর তার ঘোর নরক পায়॥ আত্র দেখিয়া যেন খায় অতিস্তুখে। চুসিতে চুসিতে যেন আঠি লাগে বুকে॥ তেমন আমার দ্রব্য লোভেতে মরণ। সবংশে তাহারে নাশ করিজে নিধন ॥ ঘরে ঘরে দেবতা হলুঁ ভক্তি দেখিয়া। তুই সন্ধ্যা ব্রাহ্মণের নাগ পাবেক বসিয়া॥ চরণে ধরিয়া রামাঞি করি নমস্কার। উঠ উঠ রামাতি আমার সংসার॥

ঝাঁট করি সংকল্প করাহ ভক্তগণে।
ধর্ম্মের চরণে রামাঞি মন্ত্র অধ্যয়নে॥
একে একে ভক্তগণে উত্তরি দিল কাঁম্বে।
পূর্ণিমা পর্য্যন্ত রহিলেন সবে নির্ব্বন্ধে॥
রামাঞির বাক্যে বাচা সিদ্ধ হউক।
ধর্ম্মজয় বলিয়া সকল ভক্ত ডাকুকু॥
জয় জয় নিরঞ্জন দেব।

ওঁ ধৌঁ শ্রীধর্মায় স্বাহা।

কদলিপত্রে অর্য্যমণ্ডলং লিখেৎ সিন্দূরেণ। তুর্গায়া রক্তপুপ্পং। কাম্দেবস্থ কুমুদপুপ্পং॥ মদনস্থ মল্লিকা-পুপ্পং। হনুমতঃ শুক্লকরবীরেণ। কালিকায়া দাড়িম-পুস্পং গগনাক্ষ্যা লোহিতপুপ্পং। কামিনায়া ওড়ু পুর্পাং। ভৈরবস্থ অর্কপুপ্পং। শিবস্থ বিল্পপুশাং। শ্রীকৃষণস্য তুলসীপুষ্পং। তুর্গায়া রক্ষিণীপুষ্পাং। ধর্মস্থ পদ্মপুষ্পাং ইত্যাদিনা স্থাপয়েং। তত্র ক্রমেণ পূজ্যেং।

কালাগ্নিরুদ্রভট্টারকায় নমঃ।

দক্ষিণাবর্ত্তন পূজয়েৎ।
বিকটবদনং দেবং স্থুলকায়স্থুলোদরং।
গদাবরদহস্তঞ্চ নন্দিদেবং নমাম্যহং॥
নন্দিদ্বারপালায় নমঃ।
মহাকায়ং মহাবীর্য্যং মগুলং প্রভবং ভবং।

দৈত্যদপবিনাশায় মহাকালং নমাম্যহং॥ মহাকালায় দারপালায় নমঃ॥ পুর্বাদিক্রমেণ—

> মণ্ডলস্ম দ্বারসমীপবাসিভ্যো নমঃ ভূমিশুদ্ধিং কুর্য্যাৎ।

অপদর্শস্ত তে ভূতা যে ভূতা ভূবি সংস্থিতাঃ। যে ভূতা বিশ্বকর্তারস্তে নশাস্ত শিবাজ্ঞয়া॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ দরীস্থপাঃ। অপদর্শস্ত তে দর্বের ধর্মপূজাং করোম্যহং॥

ততো গম্ভিরায়াং যজ্ঞং কুর্য্যাৎ। ধর্ম্মযজ্ঞে কুবেরং স্থাপুয়েৎ লক্ষ্মীসহিতং। ধর্ম্মসম্মুখে চণ্ডীং পঠেৎ। ইতি স্থাপনক্রমঃ সমাপ্তঃ।

এতে অফৌ (?) ভক্তাঃ। সত্যযুগে ব্রহ্মা, উলুক, নারদ, বহুমতী, দুর্গা, ইন্দ্র, গঙ্গা, এতে সপ্ত। ত্রেতাযুগে বলি, মান্ধাতা, সগর, কার্ত্তিক, কালুঘোষ, বেমুপুর, ভট্টধরাধর এতে সপ্ত। ততো ঘাপরযুগে রাবণ, ইন্দ্রন্মার, শঙ্খ, শ্রীরাম, গান্ধারি, ভগীরথ, ভাস্কর, পক্ষিরাজ, এতে সপ্ত। কলিযুগস্থ কপিলা, নারায়ণ, মণিরাজ ভট্ট, মুণ্ডির ঘোষ, পূর্ববদত্ত, ভীত্মক, কোন্তক, বিদ্নেশ্বর, আসায়া চাণ্ডাল, বরুণ, মগর, মনোরথ পণ্ডিত, পক্ষসারেক্স, সাধুপুর দত্ত, ধনকুবের॥ ১৭॥

অথ দারপালনামানি। অহক, নর্ত্তক, শন্থা, বিভীষণ, পরম যক্ষ (জক্ষ), গন্ধর্বব, জন্তুল, দৈত্যরাজ, পঞ্চবডুভক্তাঃ। নাম ফলশ্রুতিধর্মাধিকারী ॥ উঠ্যাসিনী, পুপ্পবড়ু, পাক্র বহু, দেউল মহারাণা, বৃদ্ধমহারাণা, কোঙর শাক্রি তুবরাজ, শ্রীমহাসাঙ্গই, ধূলিসাপট, মেলিপাত্র, শান্তিবিগ্রহী, দ্বা(হা)রপালক, লাঠিপাত্র, ভাণ্ডারী, বালাসিনী, মুখ্যভক্তাঃ, ধূপপাত্র, বাসহরি, পাটসাঙ্গই, দণ্ডসাঙ্গই, তাম্বলপাত্র, ভাণ্ডারি কায়েস্ত, পাটসাঙ্গই, পাহুড় সাঙ্গই, দেয়াসিনী, হমুমান্, পডুসাঙ্গই, গন্ধপাত্র, আলঙ্গসাঙ্গই, ধাড়িগণ, বাগ্রপ্রক, পাত্র হমুমান্ দক্ষিণে, পূর্বের ডামরসা, মৃদনকামদেব উত্তরে, কাম পশ্চিমে।

ন লংঘয়ে [e] গোপিসূত্রং শ্রীমনেন প্রদক্ষিণে।
লংঘয়েৎ বাড়দা বিপ্রঃ সাপ্তজ্যাবিকলা ভবেৎ ॥ (?)
পবিত্রং ভূমি সর্ববিত্র যথা গঙ্গাজলং দ্বিজ।
তথা পবিত্রং সর্ববিত্র তদর্থং পাপনাশনং ॥

বাস্থল্যাঃ পুস্পং লোহিতং কপোলং পুস্পং তুলসীং স্থাপয়েৎ। বার্মেশ্বরীং চণ্ডীং স্থগদ্ধং দন্তা অপরাজিতাপুষ্পেণ স্থাপয়েৎ। কামদেবং স্থগদ্ধিপুষ্পেণ স্থাপয়েৎ। পাক্রক্রয়;— মাধব, বাস্থলি, হন্মান—পুস্প চাম্পা, ভোঁচা, তুলসী। ডামর শাঞির পুস্প তিলপুষ্প বেণ। সোঁকার পুষ্প ফল। তুলসী, জগডমুর, কুন্দ। পড্যারের ফলং কদলি, পুষ্প বোর্মাশুন্ধি। ব্রহ্মার ফল ধান্ত পুষ্প তুলসী।

অথ প্রণাম। আদে ধর্ম্মাধিকারীঃ।

নারদমুনেঃ পুষ্পাং শ্বেতপদ্মং, ফলং নারিকেলং॥ আসন চতুর্দ্দশ মুদ্রা দ্বাদশ দ্বাদশ সভে হন্যু প্রণাম॥ ১০০॥ উঠ্যাসিনী কোঙরঋষির পুষ্পা লোহিতপদ্ম, ফল গুবাক, বেদাসন, প্রতিষ্ঠামুদ্রাদক্ষিণস্থানে প্রণাম॥ ৯০॥

পুষ্প বটু, ভৃগুপতি ঋষি, পুষ্প তুলসী, ফল পলাস, বেদাসন, পুষ্পাঞ্জলীমুদ্রাস্থানে প্রণাম ॥ ৮৫॥

পাত্র বটু, অনন্তঋষি, পুষ্প শ্রীফলপত্র, ফল জগডম্বুর, একপাদ আসন, ধেনুমুদ্রাস্থানে প্রণাম। ৭৮॥

্ভোগবড় ব্রহ্মা, ভৃগুমুনি ঋষি, পুষ্প মালতী, ফল জগ-ডমুর, বেদাসন, সংকটমুদ্রাস্থানে প্রণাম॥ ৮০॥

দেউল মহারাণা, রাবণরাজা, পুষ্প ভেঁাচা, ফল শ্রীফল, পদ্মাসন, শূলমুদ্রাস্থানে প্রণাম॥ ৬৮॥

বৃদ্ধ মহারাণা ঈশ্বর, পুষ্প ধৃস্তর, ফল হরীতকী, পদ্মাসন, যোনিমুদ্রাস্থানে প্রণাম॥ ৮৫॥

কোঙর সাঙ্গই মহারাণা তুবরাজ, পুষ্প ্রেরতপন্ম, ফল নারিকেল, পন্মাসন, যোনিমুদ্রাস্থানে প্রণাম ॥ ৭৮॥

শ্রীমহাসাঙ্গই শোময়ালিঙ্গ, পুষ্প নাগেশ্বর, ফুল জাতী, যোনিমূলাস্থানে প্রণাম ॥ ১৫ ॥

ধূলিসাপট কুম্বকর্ণ, পুষ্প লোহিত করুণা, ফল এলাইচ,

ত্রিশূলমূদ্রা, একপাদ আসন, রাদিত্য (আদিত্য ?) মুদ্রাস্থানে প্রণাম ॥ ৬০ ॥

ততঃ শান্তিৰিগ্ৰহে বিষ্ণু, পুষ্প তুলদী, ফল গুবাক, ' যোগাসনস্থানে প্ৰণাম॥ ৬০॥

দারপাল যম, পুপ্প বাসক, ফল জান্তু, স্থান গর্জ্জনদারে প্রণাম ॥ ৫০ ॥

লাঠিপাত্র সঙ্কর, পুপ্প বকুল, ফল 'আম্র নারিকেল, মুদ্রা অঙ্কুশস্থানে প্রণাম॥ ৫৫॥

ভাগুরি ধনদ কুবের, পুপ্প বাঘ সাঁটা, ফল নারিকেল, ধেনুমুদ্রাস্থানে প্রণাম ॥ ৪৮ ॥

বালা মণিকেশ্ব, পুষ্প বালা, ফল কদলি, বিদিতমুদ্রা-স্থানে প্রণাম ॥ ৩৫ ॥

মুখ্যভক্ত্যা কপিলা, পুষ্প পারুলি, ফল হরীতকী, গোশঋমুদ্রাস্থানে প্রণাম॥ ৩৭॥

ধূপপাত্র বাইতি, পুষ্প বৃহস্পতি, ফল শুক্লধান্ত, বিকৃতিমুদ্রাস্থানে প্রণাম ॥ ২৯ ॥

বাসহরিপাট শ্রীশ্রীরামচন্দ্র, পুষ্প বকুল, ফল গুবাক, মুদ্রা সমস্তম্থানে প্রণাম॥ ২৫॥

পাটসাঙ্গই লাউশেন, পুষ্প শ্বেত ওড়ু, ফল চাঁপাকলা, হাস্তমুদ্রাস্থানে প্রণাম ॥ ২৯ ॥

দণ্ডসাঙ্গই ইন্দ্র, পুষ্প সরিসা, ফল কদলি, পুষ্পাঞ্চলি মুদ্রাস্থানে প্রণাম ॥ ২৫ ॥ তামূলপাত্র ছায়া, পুষ্প সেপতি, ফল মেঘড়া, যোনি-মুদ্রাস্থানে প্রণাম॥ ২৫॥

ভাণ্ডারী কায়েস্ত শঙ্কর, পুপ্প মালত্মী, ফল খর্জুর, পণ্ডিত মুদ্রাস্থানে প্রণাম ॥ ২৪ ॥

পাটসাঙ্গই রাবণরাজা, পুষ্প রক্তোৎপল, ফল ধাত্রী, অমৃত অঙ্গুঠমুদ্রাস্থানে প্রণাম ॥ ২৩ ॥

পাহুড়শাঙ্গই মুণ্ডির ঘোষ, পুপ্প মালতী, ফল হরীতকী, যোনিমুদ্রাস্থানে প্রণাম॥ ২৭॥

দেয়াসিনি বাদা, পুষ্প জাম্বুপক্র, ফল চাঁপাকলা, শ্বেত-মসূর, বেদাসনস্থানে প্রণাম ॥ ১৫ ॥

হতুমান, পুপ্প ভোঁচা, ফল জান্বু, একপাদাসনে, হস্ত-মুদ্রাস্থানে প্রণাম ॥ ১১ ॥

পড়া সাঙ্গই রাবণদণ্ড, পুষ্প ওড়ু, ফল তাল, মুটকী-মুদ্রাস্থানে প্রণাম ॥ ১০ ॥

গন্ধপাত্র রামদাস, পুষ্প কুডচী, ফল ফুটী, বিদিত-মুদ্রাস্থানে প্রণাম ॥ ১২ ॥

আলঙ্গ আলঙ্গ সাঙ্গই চন্দ্র, পুপ্প সেবতী, ফল পলাস, ধান্ত মুদ্রাস্থানে প্রণাম ॥ ১৫॥

ধাড়িগণ স্থন্দররায়, পুষ্প বালা আঙলা, আসনমুদ্রা-স্থানে প্রণাম ॥ ৫ ॥

বাছ পুরক বাদা, পুষ্প সিউলি, ফল ফুটী, মুদ্রাসন-স্থানে প্রণাম ॥ ৭ ॥ শতপ্রণামং সমাপ্য॥ সত্যযুগে শ্বেতপণ্ডিত। ত্রেতাযুগে নীলপণ্ডিত। দ্বাপরে কংসারি পণ্ডিত। কলিযুগে রামাঞি পণ্ডিত। •

বৌস আমিনি সত্যযুগে। বিএ আমিনি ত্রেতাযুগে। গঙ্গা আমিনি দ্বাপর যুগে। তুর্গা আমিনি কলিযুগে॥ সত্যে চন্দ্র কোটাল। ত্রেতায়ে হমুমান কোটাল। দ্বাপরে সূর্য্য কোটাল। কলিযুগে গরুড় কোটাল॥

চারি দ্বারি॥ অহক। নত্বক। সংখরি। ভীষণ। এই চারি দ্বারি॥

ইতি স্থাপনবিধিঃ সমাপ্তঃ॥

অথ ধর্মপূজাবিধিলি খ্যতে।

ততশ্ছায়ামগুপং গোময়েনোপলিপ্য প্রান্থ্য উপবিশ্য আচমনং কৃত্বা শিখাবন্ধনং কুর্য্যাৎ।

ওঁ মাধবো মাধবো বাচি মাধবো মাধবো হৃদি।
স্মরন্তি সাধবঃ সর্বের সর্বকোর্য্যেমু মাধবম্ ॥
ওঁ সূর্য্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যে ভূতান্সহঃ ক্ষপা।
পর্বনো দিক্পতিভূমিরাকাশং খচরামরা [ঃ] ॥
ব্রাক্ষং শাসনমাস্থায় কল্পধ্যমিহ সন্ধিং ॥

वामि वात्रशृकाः कूर्यग्रः।

দ্বাং দ্বারশ্রিয়ৈ নমঃ, উর্দ্ধে ব্রহ্মণে নমঃ, অধো অনস্তায় নমঃ, সাক্ষ্যাতে শ্রীশ্রীধর্মায় নমঃ।

ইতি দ্বারপূজা॥

ততঃ স্বস্তিবাচনং কুৰ্য্যাৎ।

কর্ত্তব্যেহিশ্মন্ দ্বাদশদিবদীয় শ্রীধর্মদেবগৃহভরণ-মহোৎসবকর্মণি ওঁ পুণ্যাহং ভবস্তো ত্রুবস্তু ইতি ত্রিরুক্তে ওঁ পুণ্যাহং ইতি ত্রিকাদেয়ঃ। কর্ত্তব্যেহিশ্মন্ দাদশদিবসায় শ্রীধর্মদেবগৃহভরণ-মহোৎসবকর্মণি ওঁ স্বস্তি ভবন্তো ক্রুবস্ত ইতি ত্রিরুক্তে ওঁ স্বস্তি ইতি ত্রির্বদেয়ঃ।

কর্ত্তব্যেহিন্মিন্ দ্বাদশদিবসীয় শ্রীধর্ম্মদেবগৃহভরণ-মহোৎসবকর্ম্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবস্তু ইতি ত্রিরুক্তে ওঁ ঋদ্ধ্যতাম ইতি ত্রির্বদেয়ঃ।

ওঁ পুণ্যাহং ওঁ স্বস্তি ন ইন্দ্রো র্ক্তপ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ স্বস্তি নস্তাক্ষেণ্যারিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু। ওঁ স্বস্তি ওঁ স্বস্তি ওঁ স্বস্তি। অয়মারস্তঃ শুভায় ভবতু।

ওঁ অপদর্পন্ত তে ভূতা যে ভূতা ভূবি সংস্থিতাঃ। যে ভূতা বিম্নকর্তারস্তে নশ্যন্ত শিবাজ্ঞয়া॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষদাশ্চ সরীস্থপাঃ। অপদর্শন্ত তে সর্বের ধর্মপূজাং করোম্যুহং॥

তত আসনশুদ্ধিং কুৰ্য্যাৎ।

আসনমন্ত্রস্থ মেরুপৃষ্ঠ ঋষিঃ স্থতলং ছন্দঃ শ্রীকৃর্ম্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ।

ওঁ পৃথি ত্বয়া ধৃতা লোকা দেবি তং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রমাসনং কুরু॥ আধারশক্তয়ে কমলাস(শ)নায় নমঃ।
শ্রীকৃ(কু)শ্মায় নমঃ। রত্নসিংহাসনায় নমঃ। মণিমগুপায় নমঃ।

আতপং নীত্বা—

বামে গুরুভো নমঃ, দক্ষিণে গং গণপতায়ে নমঃ, উ(উ)র্দ্ধে ব্রহ্মণে নমঃ, অধো অনন্তায় নমঃ, সম্মুখে শ্রীশ্রীধর্মায় নমঃ॥

ততো ভৃতশুদ্ধিং কুর্য্যাৎ। পুশাং নীদ্বা পঠেৎ,— পঞ্চাশল্লিপিভিবিভক্তমুখদো[ঃ]পন্মধ্যবক্ষ[ঃ]স্থলাং ভাস্বমৌলিনিবদ্ধচন্দ্রশ(স)কলামাপীনভূঙ্গস্তনীং। মুদ্রামক্ষণ্ডণং স্থধাঢ্যকলসং বিভাঞ্চ হস্তামুজৈ– বিভাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্দেবতামাশ্রয়ে॥ আত্মতত্ত্বায় নমঃ, বিভাতত্ত্বায় নমঃ, শিবতত্ত্বায় নমঃ।

হস্তং প্রকাল্য আতপং নীত্বা পঠেৎ,—

আং ললাটে, আং বদর্বতো, ইং ঈং নেত্রয়ো[ঃ], উ উ কর্ণয়োঃ, ঋঁ ৠঁ ৯ঁ গণ্ডয়ো[ঃ], ওঁ উর্দ্ধ(উর্দ্ধ)-দস্তপঙ্কো, ওঁ অধোদন্তপঙ্কো, অং শিরসি, অঃ জিহ্বায়াং, অ তালুনি অস্ত্রায় ফট্।

তালত্রয়ং। ভূতশুদ্ধিঃ॥ করাঙ্গস্থাসৌ কুর্য্যাৎ। কং খং গং ঘং দ্বং—অঙ্গুদ্ধাভ্যাং নমঃ। চং ছং জং ঝং ঞং তর্জ্জনীভ্যাং নমঃ। টং ঠং ডং ঢং ণং
মধ্যমাভ্যাং নমঃ। তং থং দং ধং নং অনামিকাভ্যাং
নমঃ। পং ফাঁ বং ভং মং কনিষ্ঠাভ্যাং নমঃ। যং "
রং লং বং শং ষং সং হং ক্ষং অঃ করতলপৃষ্ঠাভ্যাং
নমঃ।

বক্ষসি হস্তং দত্তা পঠেৎ.—

স্থ্যাপানহৃদা যুক্তং গুরুতল্পকটিষয়ং। তৎসংযোগিপদদ্ধ [ং] অঙ্গপ্রত্যঙ্গপাতকং॥ উপপাতকরোমাণং রক্ত(ত্ব)শ্যশ্রুবিলোচনং। থড়গচর্মধরং কৃষ্ণং কুক্ষো পাপং বিচিন্তয়েৎ॥

সোমায় নমঃ। সোমমগুলায় নমঃ। সোমস্থ যোড়শকলাভ্যো নমঃ।

তত্ৰ জলং দছাৎ।

শন্ধ স্ত্রং (স্তং) শন্ধ পুণ্যানাং মঙ্গলানাঞ্চ মঙ্গলম্। বিষ্ণুনা বিধ্বতো নিত্যং শিবশান্তিপ্রদো ভব ॥ ওঁ পঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্শ্মদে সিন্ধু কাবেরি জলেহস্মিন্ সন্নিধিং কুরু॥

তত্র জলং ত্রিভাগং দল্প ত্রিভাগজলেন সংপূজ্য ইতি মন্ত্রেণ (?) জলং দদ্যাৎ। অঙ্কুশমুদ্রাং তত্র প্রদর্শ্য সর্ববগঙ্গাজলমানীয় তত্র শম্ব্যমুদ্রাং কিন্তা মৎস্থামুদ্রাং বিধায় প্রকৃতগায়ত্রীং জপেদ্বিপ্রঃ। শূক্তম্য মূলমন্ত্রং। ভজ্জলং (তজ্জলেন ?) সর্ববাণি দ্রব্যাণি প্রোক্ষয়েৎ।

আতপং নীত্বা পঠেৎ,—

আধারে লিঙ্গনাভো হৃদয়সরসিজে তালুমূলে ললাটে দ্বে পত্রে যোড়শারে দ্বিদশদশদলে দ্বাদশার্দ্ধে চতুষ্কে। বাসান্তে বালমধ্যে ডফকঠসহিতে কণ্ঠদেশে স্ব(শ্ব)রাণাং হং ক্ষং তত্ত্বার্থযুক্তং সকলদলগতং বর্ণরূপং নমামি॥

বাক্যপাত্রে হন্তং দদ্যাৎ। সংকল্পং কুর্য্যাৎ,—

শ্রীবিষ্ণুরেঁ। তৎসদদ্য অমুকে মাসি শুরে পক্ষে তৃতীয়ায়ান্তিখাবারভ্য পূর্ববাঙ্গাকৃতদ্বাদশদিবসীয়গৃহভরণধারশো(সো)ধনকর্মানি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা শ্রীশ্রীতিকাম [ঃ] ধর্মদেবপূজন অমুকবির্রাচতধর্মপুরাণোক্তধর্মদেবসংগীতগানবাদ্যনৃত্যাদিভিদ্বাদশ -দিবসীয়ধর্মদেবগৃহভরণমহোৎসবমহং করিষ্যে ওঁ কুরুদ্ব (স্ব), ইভি প্রোক্তং, বিপ্রেণোক্তং। ওঁ যজ্জা গ্রতে। দূরমুপৈতি শীঘ্রং তত্ন স্থপ্তস্ত তথৈ-বৈতি দূরং গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে মন[ঃ] শিবসঙ্কশ্লমস্ত্র¹॥ ওঁ অস্ত্র ॥

ততো বরণং কুর্যাৎ। আদে শ্রীশ্রীধর্মদেবস্ত, ততো গুরোঃ, ততো গ্রামাধ্যক্ষস্ত, দিক্পতেঃ করিকুলস্ত, ততো ধর্মাধিকারিণঃ। ততঃ কুতাঞ্জলিঃ,—

ওঁ সাধু ভবানাস্তাং, ওঁ সাধ্ব[হ]মাসে। ওঁ অর্চ্চয়িষ্যামে। ভবন্তং, ওঁ অর্চয়।

পাদ্যার্ঘাচ্মনীয়গন্ধপুষ্পমাল্যাঙ্গুরীয়কবস্ত্রতান্ধূলযজ্ঞো-পবীতানি গুবাকং চ দল্ধা জামুং ধ্বা—

ওঁ অদ্য অমুকে মাসি অমুকে পক্ষে অমুকতিথোঁ
অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা পূর্বাঙ্গীকৃতদ্বাদশদিবসীয়গৃহভরণকর্মণি ধর্মপূজাকরণায় ধর্মাধিকারিছেন অমুকগোত্রং শ্রীঅমুকদেবশর্মাণমেভিঃ পাদ্যাদিভিরভ্যর্চ্য ভবস্তমহং রূণে। ওঁ রুতোন্মি। ওঁ যথাবিহিতং রুতকর্ম কুরু। ওঁ যথাজ্ঞানং করবাণি(ন)।

এবং ভোগবটুত্বেন। ততো বিপ্রাগণ (?)। গায়নবরণং যথা ;—পূর্বববৎ ওঁ সাধু ভবান্ ইত্যাদি। শ্রীশ্রীধর্মদেবপুরতো বাদ্যনৃত্যত্তমুকরচিতধর্মপুরাণোক্ত- ধর্মসংগীতগানকর্মকরণায় অমুকগোত্রং শ্রীঅমুক দেবশর্মাণং ভবন্তমহং রূণে। ওঁ রুতোম্মে ইত্যাদি।

ততো গ্রহবিপ্র: গুরুপণ্ডিত রাজ্রণণ্ডিতঃ দেউল্যা সম্যাসী পাটভক্তা দণ্ডসাঙ্গই কোটাল গন্ধপাত্রঃ পুষ্পবটুঃ জলসাপুট ক্ষীরপাত্রঃ হবিঃপাত্রঃ চামরচুলান ভাণ্ডার-নেউকী ১২, ভাণ্ডারী চ। বাক্যে তু বিশেষঃ।

ওঁ সাবধো ভবন্ত আসতাং। নমঃ সাধ্বহমাসে। ওঁ অর্চয়েষ্যামো ভবতঃ। নমোহর্চয়। সর্বভক্তান্ গন্ধবস্তাদিভিভূষয়িত্বা কৃতাঞ্জলিবদৈৎ।

'ওঁ অদ্যেত্যাদি অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা পূর্ব্বাঙ্গীকৃত-দাদশদিবদায়-গৃহভরণকর্মাণ গণেশাদি-শ্রীশ্রীধর্মদেবপূজনাদিকর্মকরণায় অমুকাদিগোত্রান্ শ্রীঅমুকদাদাদিযথানামধেয়ান্ সন্ধ্যা(ত্যা)সাদিদ্বাদশ-ভক্তান্ ভবতোহহং রুণে। নমো রুতোম্মি সর্বৈ-রিত্যুক্তং। ওঁ যথাবিহিতানি রুতকর্মাণি কুরু। নমো যথাজ্ঞানং করবাণি।

ততো বাজেদিগর জাকে ইচ্ছা তাহাকে বরণ করিবেন।
তত উত্তরী[য়] ধারণম্। মন্ত্রং পঠেৎ যথা;—
দেবদেবো মহাদেবঃ শিবদ্রৈলোক্যপূজিতঃ।
তম্ম পূজাবিধিং কৃত্বা দোত্তরা দায়তে দ্বিজৈঃ॥

দেবদেবস্থ আজ্ঞায়ৈ নিশ্মিতা বিশ্বকর্ম্মণা। পিতৃদেবস্থ কার্য্যেষু সোত্তরী প্রিয়তে ময়া॥ বেত্রধারণীয়ত্ত;—

সমুদ্রস্থ কুলে দেব্যা দেবং ক্রীড়তি সর্বদা।

স্থান বিন্দুঃ পতংস্তত্র বেত্রবক্ষসমুদ্রবঃ ॥

ক্রমে তিষ্ঠন্তি বেত্রে চ ব্রহ্মবিষ্ণুমহেশ্বরাঃ।

মূলমধ্যাগ্র এবাত্র নাঠীপাত্র ইতি স্মৃতঃ ॥

পরমার্থেহকৃতাত্মানং পুণ্য হীর্থে স্বয়ং পিতা।

নিজগোত্রং পরিত্যজ্য সঙ্কল্লাব্রতসঙ্কমে (?) ॥

গৃহচিন্তাং পরিত্যজ্য দেবকর্ম স্থাচন্তবেহে ।

পূজাভক্তিবিধানেন সংস্থাসং ব্রতসঙ্কটাৎ ॥

একতো হি দ্বয়ং দেব মলমুত্রৈর্বিমুচ্যতে।

সর্ব্বপাপবিনিম্পুক্তঃ স্থরলোকং স গচ্ছতি ॥

নিত্যপূজাবিধিঃ। সঙ্কল্পং কুৰ্য্যাৎ। বাক্যপাত্ৰে হস্তং দন্তা পঠেৎ,—

শ্রীবিষ্ণুরোঁ তৎসদদামুকে মাসি অমুকপক্ষেৎমুকতিথোঁ শ্রীশ্রীনিরঞ্জনভট্টারকচরণসরোজসমিধোঁ অমুকগোত্রঃ শ্রীঅমুকদেবশর্মা সদারাপত্যঃ ধনধান্যপুত্রপোত্রাদ্যবিচ্ছিন্নহেতবে বার্ম্মতিগৃহভরণপূর্ব্বাঙ্গীকৃতধারশো(সো)ধনার্থং কাশ্যপগোত্রাণাং সমন্ভক্তমেল-

কানাং ছায়াসংজ্ঞাসহিতানাং দ্বিজসঙ্জনানাং মেলকৈঃ
সহ গণপত্যাদি শ্রীকামিনাদেবীপূজাপূর্বকং শ্রীশ্রীধর্মভট্টারকপূজনমহং করিষ্যে। ইতি সঙ্কল্প

যেন কর্মাণ্যপংসো মনীষিণে। যজ্ঞে কুণবন্তি বিদথেষু ধীরাঃ। যদপূর্ববং যক্ষমন্তঃ প্রজানাং তন্মে মনঃ নিবসঙ্কশ্লমস্ত ॥

অথ টীকাপাবন,—
ওঁ কার শব্দে পণ্ডিত বেদ
বৈশন্তি কোন কোন বেদ।
থগ্যজুঃ সামাথর্ব স্থনিতে
স্থনাইতে পাপ হয়ে চ্ছেদ॥

সত্যযুগে ॥
শনিবার ত্রত করিল বল্লুকার তীরে ।
ত্রহ্মা হরিহর আছেন গোসাঞির বরাবরে ॥
সাটি সহস্র ঋষি আছেন জত সকল মুনি ।
চারি ঘট দাসী আছেন চারি বাহিনী ॥
চারি ঘারে চারি পণ্ডিত চারি কোটাল ।
আলম চাঁদোয়া ধৃতি উড়ে বাকু আল ॥
উল্লুক বলেন স্থন পুণ মহাশয়। তুমাতে আছয়ে জল কহিলুঁ নিশ্চয়॥ ইচ্ছ। আছে জদি মোর বাঁচাতে জিবন। মুখের অমৃত দেহ করি যে ভক্ষন ॥ পক্ষ বানি পরাৎপর স্থন্যা মহাস্তবে। মুখের অমৃত দিলা উল্লুকের মুখে॥ ভক্ষন করিতে কিছু হইল গলিত। সন্ময় সব হল্যা জলে আপ্লাবিত॥ পক্ষ সঙ্গে ভূবনেতে ভাসেন গোশাঞি। আশ্বাস করিতে উপলক্ষ কিছু নাঞি ॥ বারিতে পাইয়া ব্যোম বলেন্ উল্লুক। বিষম বারি যে বাপা বড় পাই তুখ। প্রমাদ পয়ের পাকে পাতালেতে জাই। স্ফে মন্ দেহ প্রভূ তবে প্রাণ পাই॥ পক্ষের পাদেতে পরাৎপর পায়া ভেদ। মৎসরুপে উর্দ্ধার করিলা চারি বেদ। ধর্মপদ সরসিজে করি অভিলাস। রামাঞি পণ্ডিত আদ্য করিল প্রকাস॥ ৩॥ মিন অবতার হয়্যা চারি বেদ উদ্ধারিয়া

সয়স্থু শদনে দিলে আনি।

হয়্যা কুৰ্ম্ম জগৰ্মাথে অবনি ধরিলে মাথে তুমি প্রভূ দেব চক্রপাণি॥ বরাহ রুপেতে সারা খিতি কৈলে বস্তন্ধরা नित्रांगत्म नित्ररा ठाकुत। নরশিংহ রুপ ধরি হিরণ্য কম্মপ মারি প্রলাদের তুষ্থ কৈলে তুর॥ হইয়া বায়ন্ রুপে ভূলাইলে বলি ভূপে অধ ভূবনেতে দিলে ঠাঞি। ভাবুকালি কর্যা সার ধরাদান নিলে তার দ্বিজরুপে আপনি গোসাঞি। হয়্যা ভৃগুরাম বিরে পরুষ নঞিঞা করে নিখেত্রি করিলে কতবার। ভায়্যা বলরাম হয়্যা মুষল করেতে নয়্যা অস্তুরের ক[রি]লে সংহার॥ হয়্যা দশরথ স্থত বাবনে কোরিলে হত সাগর বাঁধিলে অবহেলে। সঙ্গে লঞা কোপিগন্ দুর্য্যয় করিয়া রন্ জনকত্বহিতা উদ্ধারিলে॥ নবম মূর্ত্তেতে হরি জগন্ধাথ নাম ধরি

জলধির তিরে কৈলা বাস।

প্রশাদ কোরিয়া দান্নের করিলে নৈরাস।।

কোক্লি অবতার সার চারি বর্ম অেকাকার ধর্ম্মপথ হইবেক তুর।

বিধিরুপে স্বষ্টি করি বিষ্ণুতে পালন করি রুদ্ররুপে আপনি ঠাকুর॥

প্রথমেতে নিরাকার হয়া মিন অবতার মহাল্লাবে বেদ উর্দ্ধারিলে।

বিস্তার ক্রিতে অতি কর্ম্মরূপে জুগপ্তি মস্তকেতে অবনি ধরিলে॥ •

সন্থ চক্র গদা ধরি বরাহ রুপেতে **হরি** দত্তে মোহি কর্যা উর্দ্ধারন্।

হয়্যা নরশিংহরুপ বোধ্যে হিরণাক্ষ ভূপ ভক্ত তুষ্থ কৈলে বিমোচন ॥

বটু ব্রহ্মদণ্ড ধরি বোলি রশাতল পুরি মায়া পাতি নঞিলে তাহারে।

তিন সপ্ত খেত্রিগণে বিনাস করিলে রণে ভগুপতি পরুশের ধারে॥

দশরথ স্থত হয়্যা দসাননে সংহারিয়্যা শিতা দেবি করিলে উর্দ্ধার। অশুরে বিনাস করি নাঙ্গল মুষল ধরি
বলভদ্রুপে করতার ॥
জলধির তিরে স্থান বোদরুপে ভগবান্
হয়া তুমি কুপাবলোকন।
প্রশাদ করেতে দিয়া নরে শন্নিধান্ লিয়া।
কৈলে তুমি নৈরাস সমন ॥
হবে কক্রিরুপ হয়া শ্রেছ রুপে শংহারিয়া।
পুণঃ স্থি করিবে স্কন।
রামাঞি পণ্ডিত ভনে এ কথা জে জন স্থনে
তারে বর দেন নিরঞ্জন ॥

উর্দ্ম কুর্দ্ম না ছিল জে মেদিনী আকাস।
দিবা নিষি নাঞি ছিল গতি ভাতি ভাস॥
চল্দ সূর্য্য না ছিল না ছিল জে পাতাল।
উৎপতি না ছিল না ছিল জমকাল॥
তেকনা পৃথিবী না ছিল সকল ধুন্দকার॥
তেকনা পৃথিবী না ছিল সকল ধুন্দময়।
ধুন্দকার উপরে প্রভূ মায়াবিস্কু রয়॥
ধুন্দুকার উপরে রহিলা মায়াবিস্কু।
তথি ভর করিল ধর্ম্ম অনাদি সিস্তু॥

বিষ্কুর উপরে ধর্ম পাতিলেন মায়া আপ । শ্রিজন্ কৈল্য আপণার কায়া॥ হস্ত পদা খ মুখ নির্মাল্য আপণি। আপনার কলেবরে ধর্ম আপণি সে দেখি॥ বুদ্ধ হল্য বিষ্ণুক সহিতে নারে ভর। বিম্বু ছাড়ি পড়িলেন প্রভূ সর্ন্যের উপর আখি পালটিয়া প্রভূ চতুদ্দিগে চান। সকলি জে ধুন্দকার দেখিবারে পান॥ ক্রোধিত হইয়া প্রভূ ছাড়িলেন হাই। তথি জৰ্ম্মিলেন দেখ পক্ষ উল্লুকাই॥ • জর্মিয়া উল্লুক পক্ষ পালাইয়া জায়। কথার কারণে ধর্ম ডাকিয়া রহায়॥ হিরূ আস্থ উল্লুক তোমায় করিব বাহন্। উল্লুকের পৃষ্ঠেতে বদিলা নিরঞ্জন॥ উল্লুক ধরিয়া বলে নিরঞ্জনের পায়। জিবন সংশয় গোশাঞি আহার জল চাই॥ कारत वन जन छन्न क कारत वन ऋन। ত্যে ভব সংশারে নাঞি জলের সঞ্চয়। তুমি নিরঞ্জন বট আমি ভাল জানি। মুখের অমৃত দিয়া রাখহ পরাণি॥

এ বোল স্থনিঞা ধর্ম হাসিতে নাগিল। হাসিতে হাসিতে মুখের অমৃতি খসিল॥ তিল প্রমান্ অমৃত উল্লুকের মুখে দিল। কিছু উল্লুক খাল্য কিছু সন্মেতে পড়িল॥ সর্ব্ব শর্মি জলে তখন উছলিতে নাগিল। 🕝 জলে ভরে মহাপ্রভূ ভাসিতে লাগিল॥ উল্লুকের পৃষ্ঠে গোশাঞি বোশিলেন ধেয়ানে। চোদ্য চৌজুগ গেল গোসাঞি ব্রহ্ম গিয়ানে॥ অফ্টলাগ শ্রিজিল গোশাঞি সহস্তেক মাথা। ্তবে হৈল্য মহাপ্রভূ কনক পইতা॥ কনক পইতা গোশাঞি ব্রাহ্মণে দিল। মালা তিলক লঞা গোশা ভক্ত জনে দিল॥ উৰ্দ্মল বস্ত্ৰ গোশাঞি জং সন্থাসে দিল। নবগুন পইতা গোশাঞি ব্রাহ্মণে দিল॥ আদি সাস্ত ক্রিয়া সার। লেয় পুষ্প জল অনাদ্দি ক্রতার॥ সন্ত্ৰুতি নিরঞ্জনায় নুমঃ॥

আগমের নিময়।

উল্লুক বলেন্ গোশাঞি কহ সন্ধি বিচার। এই প্রিথিবির মদ্ধে কেবা করতার॥ কে সে কর্ম। কে [চ]তুৰ্দ্দশভূবন মদ্ধে ব্যাপিত ধৰ্ম ॥ কে করিল খল্ল কে করিল বিহল্ল। কে পর্বত মদ্ধেতে উপজিল সল্ল॥ কে হস্তপা। কাক মুখ গর্ভে সঞ্চিৎকায়। পুষ্প ফুটিলে কে গন্ধ চড়ায়॥ চন্দ্র দূর্য্যকে কে গড়িয়া স ভাঙ্গে। পুর নিরকে কে ভাসায় গাঙ্গে॥ স্তরেশ্বরি গঙ্গা উপজিলা কার য়ঙ্গে। জান্ন বি স্থারেশ্বরি গঙ্গা কে করিল বঙ্ক। মেরু পর্বত কে কোরিল ভিঠা। স্থলে স্থল কার দিষ্ঠা॥ স্বন্যে আইদে কে স্থন্যে জায়। স্থন্যে ভর কর্যা কে সন্মাকে ধিয়ায়॥ विक कर्प (क करन क्न। মেছে ভর কোরা। কে বোরিসে জল।

ঘরে ঘরে পুজে কে পূজা লেই। কে বলায় জগতের মাই। এই তর্ত্ত স্থান উল্লুক শ্রীধর্ম্মের ঠাঞি॥ ১॥ ধর্ম বলেন উল্লুক আমি করতার। আমি দে কর্ম। আমি চতুৰ্দ্দশ ভূবনমৰ্দ্ধে ব্যাপিত ধৰ্ম। আমি কোরিল খল্ল আমি কোরিল বিহল্ল। আমি পর্বত মর্দ্ধেতে উপজিল সল্ল॥ আমি হস্তপা। কাক মুখগর্ভে দঞ্চিৎ কায়ই। পুষ্প ফুটিলে আমি গন্ধ চড়াই॥ চন্দ্র সূর্য্যকে আমি গোড়িয়া সভাঙ্গে। পুর ণিরকে আমি ভাদাই গাঙ্গে। স্থরেশ্বরি গঙ্গা উপজিলা আমারি অঙ্গে॥ জার্ন বি স্থারেশারি গঙ্গা আমি কোরিল বঙ্ক। মেরু পর্বত আমি কোরিল ভিঠা। স্রত্যে স্থল আমার দিষ্ঠা॥ স্থত্যে আসি আমি স্থত্যে জাই। স্বত্যে ভর কোর্যা আমি স্বন্যকে ধিয়াই॥ বিক্ষর্রুপে আমি ফলি ফল। মেঘে ভর কোর্য। আমি বরসি জল॥

ঘরে ঘরে পূজি আমি পূজা লি। আমি বলাই জগতের মাই॥ এই তত্ত স্থনে উল্লুক শ্রাধর্মের ঠাঞি॥ প্রথম মুরতে গোশাঞি মিন্ রুপ হয়া। সপ্ত সাগর নদি গোশাঞি আলেন ভূমীয়া॥ দোজ মুরূতে গোশাঞি বায়বর্ম রূপ। বাচে বাচা বাধিলে গোশাঞি বল্লুকা সমজ্ঞ ॥ তেজ মুরুতে গোশাঞি বরাহ রুপ হয়া। সাতালি পর্বত গোশাঞি পেলিলে টালিয়া॥ পাতালের পক্ষ দিল মহাদেবের হস্তে। তের্ত্তিষ কোটি দেবতাগন্ তুলিয়া ধরিল মস্তে॥ চতুর্থ মুরুতে গোসাঞি নিশিংহরূপ। কোপে বৰ্দ্ধ করিলে গোশাঞি হিরনাক্ষ ভূপ॥ দশনথ দিয়া হিরণ্যের বিদরিলে বুক। তের্ত্তিষ কোটি দেবতার মনে বড় স্থক॥ পঞ্চম মুরতে গোশাঞি বায়ন রূপ হয়া। বোলির হুয়ারে ভিক্ষা মাগিলেন গিয়া॥ বলিকে ছলিয়া প্রভূ পহন্তি পাতাল। ছয় মুরুতে গোশাঞি শ্রীরাম অবতার॥ সেতবন্ধ বাঁধিলে গোশাঞি হনুমন্তের বলে।

রাবনে সবধ কোইলে লোক্ষির ছলে॥ চোদ্য চৌজুগ ছিল রাবণের প্রমাঞি। সীতাকে ছলিয়া রাবন্ গেলেন অল্প আই॥ সপ্তম মুৰুতে গোশাঞি বলালে গোপি কান। বিপ্রকুলে জিমঞা গোয়ালাকুলে নাম॥ কালিদয়ে কমল তুলিলে একসত্ত ভার। কংশ বোধিয়া কৈলে দেবের উদ্ধার॥ অফ্টম মুরুতে গোসাঞি আপনি হলধর। পৃথিবীর মুণ্ডে গোসাঞি জুড়িলা নঙ্গল॥ মন্ পবনের বস গোশাঞি ডাক নাঞি ষয়। গঙ্গা জমুনা তারা হালে রেকে বয়॥ লয় মুরুতে গোশাঞি কলংথিনী রুপ। কলংখ মারিয়া বুলে ঘড়ায় রাযুত॥ ব্ৰহ্মা পড়েন পুথি বিষ্ণুন্ধ্যান। ঠাকুর মহাদেব বলেন ক্রিছু স্থনিব জ্ঞান॥ বালির ঘট পত্র কৈল প্রভূ বালির মুকুতা। ডাক দিয়া আনেন গোশাঞি জতেক দেবতা॥ দশ মুরুতে গোশাঞি বলালে জগর্মাথ। নিমের পৃতিম গোশাঞি স্থবর্ণের ছুটি হাত॥ হিতুঁ মুছুলমান তোথা একছত্র করিঞা।

আপনা জানান প্রস্থ জানান্ জানিঞা॥
হাতে লিলে তির কামচা পায় দিয়া মজা।
গোউড়ে বলান গিয়া ধর্ম মহারাজা॥
গাইল পণ্ডিত রাম নম সপ্তশার।
মানিক পাটনে সেবা হইব তোমার॥
শ্রীশ্রীধর্মায় নমো নমঃ॥

পঁ॥ ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর আদি দেবগণে।

এক মনে স্তব করে দেব নিরঞ্জনে।

কেহ ত আনলে জলে কেহ স্তব করে।

কেহ তপুস্থা কোরিল সপ্তদালের উপরে।

কেহো তপুস্থা কোরিল তবে না ভূথিয়া নির।

কেহো তপুস্থা কোরে অঙ্গ ডাহিঞা সরির।

কার তপ নিরাহার কার পবন আহার।

হরের কঠোর তপুস্থা কোহিতে অপার॥

হঠ মাথায় তপুস্থা করেন ত্লোচন।

দেখিতে না পাইলেন ঠাকুর নিরঞ্জন॥

ধর্ম্ম বলেন দেখা দিব কেমনে ইহায়।

উল্লুক পাত্র মোরে কহ ণা উপায়॥

উল্লুক বলেন গোশাঞি দেব করতার। সকল গোচর প্রভূ কি কহব আর॥ জদি মহাদেবে দেখা দিবে করতার। হর বিষ্ণুরূপে হয় ধর্ম অবতার॥ উল্লুকের বচনে গোশাঞি নিরঞ্জন। গঙ্গাকে দেখা দেহ কমললোচন॥ তবে মহাদেবের সফল হবে কাম গঙ্গ দর্মনে হবে সভার পোরিত্রান ॥ ধবল খাট ধবল পাট ধবল সিংহাসন। হংশরথে বিজয় ঠাকুর নিরঞ্জন ॥ মহাদেব মহাদেব বোল্যা ডাকেন করতার। গঙ্গা বলে কেবা ডাকে কোন জন বলরে ওঁস্কার॥

তপস্থলে আছেন রাউ বোল্লুকার তিরে।
আমি ত কেষোরি হোঞা আছি হরের মন্দিরে
ধর্ম্ম বলেন মহাদেবে কৈবে পরিচয়।
ব্রত সাঙ্গ হৈলে সর্বের দিবে জয় জয়॥
উঠিঞা ডাণ্ডাল্য গঙ্গা তেজিয়া আসন।
গোবাক্যজালার পথে দিখিলা নিরঞ্জন॥

অর্দ্ধ অঙ্গ হৈল গঙ্গার ধবল আকার।
ঘুচাঞা দিলেন গঙ্গা কুঞ্জের দোয়ার॥
লোটায়্যা ধোরিল দেবি ধর্ম্মের চরণে।
করিতে নাগিলা স্তুতি দেব নিরঞ্জনে॥
ধর্ম্ম বলেন গঙ্গা তুমি সর্কেশ্বরি।
আজি হৈতে মহাদেব তুমা বৈবেন

সিরে কোরি॥

গঙ্গা বলেন দেব কমললোচন।
জেকি হরের তরে দেহ নিরিসন॥
গঙ্গা গামারের পেড়িয়ানে সিন্ধুরে মণ্ডিয়া।
রাখিলা ধর্ম্মের পাদপদ্ম স্থাপনা কোরিয়া॥
সোল সম্ভ ছুই পদ্ম নিরিসন দিলা।
নিরীশন দিয়া প্রভু কহিতে লাগিলা॥
এই ছুই পদ্ম মহাদেবে দিবে নিরিসন।
বোল্লুকার তিরে কোর্যুই ঘর ভরন্॥
তবে ধর্ম্ম কর্ম্ম মরতে হবেক প্রকাস।
কহিল রামাঞি পণ্ডিত অনাদ্যের দাস॥

७१ व्यथं मछ्त्र- मत्रमनः।

ধন্য ধন্য দানপতির সার্থক জিবন। পুরি শহিৎ দেখিতে যাইলা গোশাঞের চরন্।। বিশ্বকর্মা আপনি সাজিলো ধর্মের ঘর। ফটিকের সোল স্থম্ব দেউল ভিতর॥ ফটিকের স্থন্ত দেখ চন্দনের রলা। উনকোটি শিবলিঙ্গ দেখ বায়ন্ন কোটি তারা॥ কমল আসনে পদ দেখহ নিরঞ্জন। কুর্ম্মের পিষ্ঠে পাদপদ্ম করিল স্থাপন্॥ বাস্থকি নাগ দেখ আছের উল্লুক। বামে দেখ পার্ব্বতি গোসাঞের সন্মুখ॥ হংশ বাহনে ব্রহ্মা গোড়ুড়ে নারায়ন। ব্বষ বাহণে শিব দেখ ত্রিলোচন॥ ঐরাবতে ইন্দ্র দেখহ সুরেশ্বর। মনুস্থবাহণে কুবের ধনের ইশ্বর॥ পুবে দেখ ভানু পচ্ছিমে দেখ চাঁদ। উর্ত্তরে গোড়ুড় দক্ষিণে হনুমান্॥ সিংহ বাহনে দুর্গা কার্ত্তিক গণপতি। দশ দিকপাল দেখ বার আদির্ভি॥

লিলাম্বর লাগ দেখ ললজাক বক। সন্ত ভাবিয়া ধর্ম আছেন নিল্লক॥ রামাঞি পণ্ডিত কহে স্থন করতার। গাজন সহিতে দেহ জয় জয়কার॥

কলিমাজাল্লাল।

হংশ অথবা কবুতরং নিত্বা পশ্চিমাভিমুখং কিত্বা পঠেৎ।

জাজপুর পুয়বাদি সোল শয় ঘর ভেদি

বেদি লয় কেবোল ছুৰ্জ্জন।

দক্ষিণা মাগিতে জান জার ঘরে নাঞি পান

সাঁপ দিয়া পড়ান ভূবন॥

বেদে করি উচ্চারন্মাল জাঠ্যালা গগন

জলের জাম্বুক অধিবাস।

কৈলাস তেজিয়া ধর্ম অন্তরে জানিঞা মর্ম্ম

মায়ারূপে হইলা খনকার॥

হইয়া জবনরূপি সিরে লিল কাল টুপি

হাথে শোভে 'ত্ৰকচ কামান।

চাপিয়া উত্তম হয় ত্রিভূবনে নাগে ভয়

খদায় হইল একনাম॥

^{*} এই ছড়ার পাঠাস্তর শেষে দেওয়া গেল।

বিষ্ণু হল্যা পয়গন্বর ব্রহ্মা হল্যা পাকান্বর মহেশ হইল বাবা আদম।

কার্ত্তিক হইলা কাজি গণেশ হইল গাজি ফকির হইল মুনিগন্॥

ছাড়িয়া আপন ভেক নারদ হইলা শেক পুরন্দর হইল মলনা।

ব্ৰহ্মা বিষ্ণু আদি দেবে পদাতিক হয়্যা সভে উচ্চশ্বরে বাজায় বাজনা।।

দেখিয়া চণ্ডিকা দেবি তিহোঁ হৈলা হাওা বিবি পদ্মা হইলা বিবি নূর।

জতেক দেবতাগন্ করিল দারুন্ পন্ প্রবেশ করিলা জাজপুর॥

দেউল দেহারা ভাঙ্গে কাড্যা ফেড্যা খায় রঙ্গে পাথড় পাথড় বলে বোল।

শেবিয়া ধর্মের পায় শ্রীরাম পণ্ডিত গায়
ই বড় কৌতুক গণ্ডগোল॥
ওলস্তের মাল পড়িছে বিহান।
কাটিছেন্ খনকার তির কামান॥
স্থাবৎ ঘোড়াকা পিষ্ঠে জিন্ পালান্।

বার দিয়া বসিলেন খোদায় পরমান্॥

উচ্চালন্তি কাগজ বিচারন্তি পোথা। আদি জনম খনকার ২ইল কোথা। মারিয়া তুশমনকা সির। বাদশা দিলেন মহামুদ বির॥ কে হিদু কে মছলমান্। হিন্ধু পুজন্তি কাষ্ঠ পাশান্॥ মূছলমাৰ পুজন্তি খোদায়। পুর্ম রূপরেক নাই॥ হিজলবর্দ্দ খোজ খুজিতে গেল খোজা। তাহা পাইল ব্যক্তিষ্ঠো রজা॥ হাকাসমন্ত্রা রুগুন দিয়া। তুবঃ খনকার কোন কাম কিয়া॥ গাই বকরি জিনি লিয়া কোন্ কোন্ গাই। সাঙলি ধবলি খইরি খোশারি। হাঁসজভেকে মুরূগ জভেগো বকরাবকরি গাই। মুরূগকা পেট মোজোবঅদাথা উনকো জবাই কোন ঠাঞি॥ তবং খনকার কোন কাম কিয়া। নুর বিবিকো মাঙ্গায় লিয়া॥ लिय लिय कुत विवि পान स्थाति थाय ।

বর্ত্তিসঠো হেড়া জোগান করায়॥ কোন্ কোন্ হেড়া কোন কোন নাই॥ আযুবুক পাশবুক দিদির ভাঙ্গা। বামচি করদা কমর দণ্ডা॥ আল্লা বিশমল্লা রোশন দিয়া॥ পান মুপারি খায়ে বিবি। খানা পাকাতে মাঙ্গে ডিবি॥ ছোটতাই বডতাই হালনক। ডিবি। বড় বড় হাণ্ডা মাঙ্গে বিবি॥ ছোটতাই বড়তাই হালনকা ডিবি। সানিকি কর্য়া বারকশ চেরাক চোরক॥ তবঃ খনকার কোন কাম কিয়া। মনপাল কুমারকো মাঙ্গায় লিয়।॥ लिय लिय मन्नाल कुमांत शान यूनांति थय । বত্তিশঠো হেডাকা হাণ্ডি জোগান করায়॥ মনকে লডি মনকে চাক্। দিলমো মাঝে দিজে পাক॥ পাকে জাকে বনায়ে ডিবি। পুড়িয়া ঝৃড়িয়া করিল খুবি। সরকশদণ্ডা হালন কা ডিবি॥ সানকী কর্য়া বারকশ চেরাক চোরাক॥

পান্শোঁপারি খায়ে বিবি। খানা পাকালে চড়ায়ে ডিবি॥ আসমান পর থোদায় খাড়া। ভূজুরকীযে তাম মহেড়া॥ এ ধব খানা খায়েনা হোয়ে। থোদায় খনকারে হুকুম কিয়ে॥ গাই হাম্বা বকরা ডাকে। মুরূগা মুরূগি ফুকুরে বাঙ্গ। महि हल (शर्य श्रेति शाष्ट्र ॥ এজोल्लानि जाना जाना। ঊনকে গাজন ছারকি আঅনে কি মানা॥ ঊন্ক মুখ দেখেনে বুরা। উন্ক তাম্বা হুজুর না মেরা॥ মারহ টান্যা করহ ছুর। কেউ আওএ নিরঞ্জন কাপুর॥ রামাই কহে বাবি আন। হারাম কো উপর হালল কো থান্॥ জেতা লোক বৈঠ কহ রামকা নাম।। আদিক। প্রিত রামাই কছে। এ বাত জুদা লহে।

হংশকবৃতরেণ বা দথা গৃহভগ্নং কুর্যাৎ। সঃ তণ্ডূলং হণ্ডিকাভ্যন্তরে কিথা হণ্ডিমুখমাচছাত্য। ইতি॥ ততো মুক্তাহণ্ডীকাং রথে অথবা কথা বাতাদি-কোলাইলৈঃ জলসমীপং গথা। যথ পোটভক্ত্যা শুচিরাচান্ত যথাশক্তি গণেশাদিপঞ্চদেবতা বরুণং সংপূজ্য॥ নৈবেতাদি বরুণায় বলিং দতাৎ। মুক্তাহণ্ডীকাং গৃহীত্বা ধ্বতা পঠেৎ;—

উত্তিষ্ঠ দেবি মুক্তে ত্বং শুভাং পূজাং প্রগৃহ চ। ব্রজ স্রোতজলেহস্মাকং দেবি ত্বং বরদা ভব॥ নিমজ্যাস্তিদি সংশুদ্ধে মোক্তিকে শুভহেতবে। পুত্রায়ুর্দ্ধনর্দ্ধ্যর্থং স্থাপিতাদি ময়া জলে॥ জদসাঙ্গমিত্যাদি।

অগাধজলে মুক্তাহণ্ডিকাং ত্যজেৎ। ইতি॥ উর্ত্তরী আয়মানমন্ত্রং যথা॥

দেবগোত্রং পরিতর্য্য আত্মগোত্র প্রবেশয়॥
ইতি ॥ শ্রীঅর্য্যূণপণ্ডিতঃ কর্ম্মকারস্থ পুস্তকং

বিশ্বনমিতি।

ই হরিঃ॥

অথ তাত্রজর্ম।

আদি অনাদি দেব হইল সঞ্জঃ।
জাহাতে উতপতি পণ্ডিত প্রলয়॥

মনগুরু কল্পনা মায়া।
আদি ধৃতি উপজিল কায়া॥
আদ্যের দেবির রজে তামা উপজিল।
রজ সত তম ত্রিগুন্ হইল॥
রজ গুণে ব্রহ্মা সত গুণে বিষ্ণু

তম গুণে মহাদেব।

কহ পণ্ডিত ভাই তামার সম্ভেদ॥ অপবিত্র তামা পবিত্র হইল কেমনে। প্রবিত্ত হইল তামা ব্রহ্ম হুতাসনে॥ বাহুদণ্ডে তামা জখন ব্রহ্মা ধরিল। ব্রহ্মার মুখে হইতে চারি বেদ উপজিল॥ কন্ কন্ চারি বেদ উপজিল। ঋক্ জজূ স্যাম অথর্ব করিয়া সার। স্থুম বেদ বিশ্ধিয়া হইল ভব নদি পার॥ সেত পিত লোহিত পিঙ্গল। হেন সক্তি আইল তামা জগতমণ্ডল॥ চারি জুগে চারি পণ্ডিত উপজিল। কন কন চারি পণ্ডিত উপজিল॥ সত্তজুগে পণ্ডিত সেতাই। সেত বৰ্ণে তামা অঙ্গে চড়াই॥

অপবিত্র তামা পবিত্র করাই। সত্ত জুগের ভাই স্থন হে উপায়,॥ ত্রেতা জুগে পণ্ডিত লিলাই। লিল বন্ধ তামা অঙ্গে চড়াই॥ অপবিত্র তামা পবিত্র কারই। ত্রেতা জুগের ভাই স্থন হে য়ুপায়,॥ দ্বাপর জুগে পণ্ডিত কংশাই। কাংশবর্ম তামা অঙ্গে চড়াই॥ অপবিত্র তামা পবিত্র কাই। দ্বাপর জুগের ভাই স্কন হে উপায় ॥ কলিজ্বগে পণ্ডিত রামাঞি। রক্তবন্ন তামা অঙ্গে চডাই॥ অপবিত্র ভামা পবিত্র কাই। কলি জুগের ভাই স্থন হে উপায়্॥ কহিল পণ্ডিতরাম ধর্ম্মপদ সার। তামার আগমে পড়ে জয় জয় কার॥ শ্রীশ্রীরাধা-কৃষ্ণঃ। অথ ধান্যজন্মঃ।

রাম রাম বন্দিব গোসাঞি তোমার চরন্। প্রণতি করিয়া বন্দ দেব নিরঞ্জন ॥ কুকুলি কুরূণে প্রভাত বিহান। হাঁসা ঘোড়া গোসাঞের মানিক পালান॥ থটক ডমুর করি করে। ভিক্ষা ছলে গেলেন্ প্রভূ দারিখ্যা পুরে॥ করজোড়ে বলে তুর্গা মহাদেবের ঠাঞি। মন্ দিয়া স্থন প্রভু আতোর গোসাঞি॥ র্ষপিষ্ঠে মহাদেব কাঁপে থর থর। কত ভিক্ষা মাগ প্রভূ হয্যা দিগাম্বর॥ তথন্ ছিলে তুই প্রাণি অেখন পাঁচ সাত। আর ণাঞি আটে গোসাঞি ভিক্ষার ভাত ॥ .চাস চস মহাপ্রভু স্থথে অন্ন থাব | বড় বড় মুনিগণের দ্বারে ণাগ পাব॥ পুক্ষন্নির মূলাল চাঁহি চস চাস্থানি। আয়ুসা নাগিলে হে ছিচিয়া দিবে পানি॥ অন্য কুষান্ কান্দিব মাথায় হাত দিয়া। আমরা দাইবধান্য আনন্দিত হয়া॥

কাপাদ চাদ কর প্রভূ পরিবে কাপড়। দেবতা হয়্যা পরিবে কত কেঁউদা বাঘের ছড়। তিল সরিষা মহাপ্রভূ করহ উপায়। তেল থাকিতে কত বিগতি মাথিবে গায়॥ ইক্ষু চাস কর প্রভূ পঞ্চামিত খাব। ঘরেতে থাকিতে কত পরের দ্বারে জাব॥ খুজিয়া বাটনা গোসাঞি করহ উর্ত্তন্। এই দব দর্ব্য চাই নিরামিষ্য ভোজন্॥ আন্ত্র কাঠাল গোসাঞি আটনে রুহ কলা। এই দ্রব্য চাই ধর্ম পূজিবার বেলা॥ এতেক বচন্ যদি কহিল পাৰ্ব্বতি। চাস চসিতে গোসাঞি করিল উৎপতি॥ তিন ভাগ বয়েষ গেল ব্লদ্ধ হল্য কাল। এমন সময়ে তুর্গা না কর জঞ্জাল।। কোথা পাব হল্যা গৰু কোথা-পাব ফাল। কোথা পাব লাঙ্গল কোথা পায়িব জুয়ালি॥ নিৰ্ব্বৃদ্ধি গোসাঞি বিবুদ্ধে গেল কাল। দিনে দিনে হয় তুমি তুঞ্চের ছায়াল॥ তোমার হাথের ত্রিষক ভাঙ্গি গড়ায় কদালি ফাল আমার বাঘে তোমার রুষে হৃত নিয়া হাল।।

रमरे काल महारमय रकमन वृक्ति रेकन। বিস্বকর্মা বলিয়া তথন হুঙ্কার পড়িল॥ ভল্লুকে চাপায়া বিদাই করিলেন্ গমন্। শিবের সাক্ষাতে আসি দিল দরসন॥ আস্ম আস্ম বিদাই ভোগের গুয়া খায়। ফাল কোদালি মোরে গডিয়া জোগায়॥ হাথে বন্দি গুয়া বিদাই শিরে বন্দি পান। আড়তি আঙ্গিল শিবের বিগুমান॥ সেই কালেই বিস্থাই কোন বুদ্ধি কৈল। বনের হরিন্বল্যা হুক্কার পড়িল॥ বনের হরিন্তখন করিলা গমন। বিশায়ের সাক্ষাতে আসি দিল দর্সন।। বনের হরিন, মার্যা ছাল তুলে তথন। বীজমন্ত্র বিধাই করিল স্মঙরন্॥ মন্ত্র জপিয়া পুষ্প মারে হরিণের গায়। প্রাণ পায়া। হরিন কাননে চলা জায়॥ সেই ছালে বিশ্বকৰ্মা জাঁতা শূল কৈল। লিয়াই হাতুড়ি বিশাই সাঁড়াসি আনিল॥ ভাবিয়া চিন্তিয়া বিশাই মনে যুক্তি কৈল। শিব স্মঙ্রিয়া বিদাই জাঁতা বস্থাইল।

কেহ তায় কেহ পিটে হনুমন্ত টানে গুণা।
এক শত হাথ হনু ফালের পাতনা॥
শিবে হাথে ত্রিশক ভাঁগ্যা গড়ান কোদালি ফাল।
হুর্গা বলে ইয়াকে চাই তিনটী গজাল॥
আনিয়া শালের মুড়া দিল ফুল চাঁচ।
হুর্গা বলে ইয়াকে চাই দ্রব্য চারি পাঁচ॥
আস জুড়ি পাশ জুড়ি চাই হুই ভীতা।
স্থবর্ণের জুয়ালি চাই নাঞিথ অন্যথা॥
গোটা পাটা আদি আন্যা গড়িলেন মই।

* *

ময়ের হুপাশে চাই ছান্দন হুগাছি দড়ি।
হাল্যা চালাইতে চায়ি স্থবর্ণের লড়ি ॥
সনার নাঙ্গল হল্য রূপার হল্য ফাল।
বাঘে রুষে মহাপ্রস্থ জুড়িলেন হাল ॥
শিবের কুশেতে অন্তুক্ল হল্যা ভীম।
করেণ অশেষ কর্ম্ম প্রাণের প্রতিম ॥
প্রথম বৈশাখ মাসে দিলেন উগাল।
ছিতীয়াতে মহাপ্রস্থ করিল রুসাল ॥
তিন চাস দিয়া প্রস্থু দিলা তথি মই।
তুন তুন আংগা তুর্গা তুমারে কই॥

ভূমি সাধ্য হল্য শুন হেমন্তের ঝি। বিহন ধান্যের তরে করিব কি॥ সেই কালে তুৰ্গা কেমন বদ্ধি কৈল। আপনার মন স্থথে সাজন করিল॥ নয়ানে কাজল পরে সিথাতে সিন্দুর। গলায় গজমতি হার ১রণে নপুর॥ শুবেশ করিয়া তুর্গা করিল সাজন। বাসঘুরে গায়া তুর্গা দিলা দরশন ॥ তুর্গাকে দেখিয়া শিবের বীর্য্য পাত হল্য। স্থমেরু স্থমেরু বল্যা তিন ডাক দিল॥ কামেতে হইল ধান্য কামদ্বল্যা নাম। এক ধান হতে হলা এক শত নাম।। সেই ধান নঞা শিব করিলা গমন। কানিন্দী জলাতে জায়্যা দিল দর্শন ॥ দ্বিতীয় জুগেতে প্রস্থু চাস চসিল। তৃতীয় যুগেতে প্রভূ ধান্য পেলাইল॥ জ্যৈষ্ট মাসেতে ভূমে বায়া দেখা দিল। দেখিয়া শঙ্কর কুশি হরসিত হল্য॥ আষাড মাসেতে ধান্যে দিল মই দিয়া। শ্রোবণ মাসেতে ধান্য দিল কাডাইয়া॥

ভাত্রপদ মাসে ধান্য করিল নিড়ান্। আস্মিন মাসেতে জল বান্ধে সাবধান॥ বিষুব সংক্রান্তি পায়্যা ভকত বৎসল। ধান্য ডাকিলেন প্রস্তু ক্ষেত্রে প্রতি নল।। ফুলিয়া সকল ধান্য হল্য সমত্তল। ধান্য সব সঞ্চরিল মাথে করি ফুল॥ ক্ষীর নাঞি বান্দে ধান্যে ভাবেন গোশাঞি ৷ ভাবিয়া গেলেন হর পার্ব্বতীর ঠাঞি॥ অতঃপর কোন বুদ্ধি করয়ে পার্ব্বতী। ক্ষীর না বান্ধিল ধান্ডে কি করি যুগতি॥ ক্ষীর না হইল ধান্যে সব হল্য আলু। ক্ষীরের অভাবে ধান্যে নাই বান্ধে চালু॥ এতেক শুনিঞা দেবী করিল উপায়। শ্রীফল নামেতে বৃক্ষ স্থজিলেন প্রায়॥ এক বর্ধের ফল ফুল আর বর্ধের পাতা। গর্ত্তবতী করিলেন ত্রিজগতের মাতা॥ সেই রক্ষে তিন গুণ করিল আধান। তিন গুণে ত্রিপত্র হইল্য উপাদান ॥ সত্ব রজন্তম এই ত্রিগুণ দেবীর। তিন পাতে তিন ধার উপজিল ক্ষীর॥

একধার পাঠাইয়া দিলেন পাতালে। বিষ হয়্যা রহে গীয়া নাগের শয়ানে॥ আর এক ক্ষীরধার দিলেন গাভীরে। ত্বশ্ব হয়্যা সঞ্চরিল গাভার শ্বরীরে॥ মধ্য ক্ষীরধার ধান্যে দিল হৈমবতী। ধান্ডে ক্ষার বান্ধিয়া তণ্ডুল হৈল তথি॥ অল্ল অল্ল অগ্রহায়ণ মাসে পাকে সব ধান্। ভীমে আজ্ঞ। করিলে দেব ভগবান্॥ কাটছ সকল ধান্য ভীম বাছাধন। এতেক শুনিঞা ভীম করিলা গমন ॥ ' কাটিল সকল ধান্ত হল্য আড়াই হালা। ক্ষেত্রে রাখি রুকোদর শিবপাশে গেলা॥ ভীমে দেখি শঙ্কর জিজ্ঞাসে হয়্যা দ্রুত। কহ কহ রুকোদর ধান্য হল কত॥ এত শুনি রুকোদর সদাশিবে বলে। আড়াই হালা ধান্ত মাত্র হইল সকলে॥ ক্রুদ্ধ হয়্যা শিব বলে চাসের কিবা গুন্। মরুক মনে চাস কর্মে লাগুক আগুন॥ এত শুনি অগ্নি জাল্যা দিল বুকোদর। পুড়িতে নাগিল ধান্য দাদশ বৎসর॥

তাহার ধুমেতে পূর্ণ হইল গগন। ধুঁয়া দেখি বুকোদরে কছে ত্রিলোচন॥ কিশের উঠিছে ধূম কহ বিবরন্। ভীম বলে ধান্য পুড়ে শুন ত্রিলোচন॥ এতেক শুনিঞা পুণ কহে কুপানিধি। আড়াই হালা ধান্য কি পুড়িছে অদ্যাবধি॥ এত ধান্য তোমার হয়াছে আড়াই হালা। পড়াতে বলিলাম আমি এক বিষম জালা॥ নিভায় নিভায় ভীম নিভায় তৎকাল। পুনঃ পুনঃ কহিতে লাগিল্যা লোকপাল॥ জপিয়া বর্মনমন্ত্র জল দিল ভীম। অর্দ্ধেক বাঁচিল ধান্য সেহত অসিম। নানাবর্গ ধান্য বাছি লিল কীর্ভিবাস। পুনশ্চ অপর বর্ষে আরম্ভিল চাস॥ গাইল পণ্ডিতরাম অনাদ্যের পায়। জিমাল ধান্মের বীজ শুনহ সভায়॥ প্রথম বৈশাথে অক্ষয় তৃতীয়ার যোগে। হরিধ্বনি করিল জতেক দেবলোকে॥ হরিধ্বনি শুন্তা শিব দেব ত্রিলোচন। বাকড়ির ঈশানে কৈল মুঠির স্থাপন।।

জেঠ ধান বুনে গোশাঞি ছাচি আমলা। এনাচিতি ফেরি ফেরি বুনে বড় দেখি কালা সিয়াড়িমুখি সনাখডকি গর্ভথোড়ে পাক।। রাঙ্গিশাল চালি আস বুনে আনদরাখা॥ ওলাসালি ধান্য বুনে ওলাজার গায়। অস্তবেক্ত ধান্ত বুনে বায়্ গন্ধ পায় ॥ অসফুরফুরি বুনে আস গঙ্গাজল। দল কুন্ডির বাছা বুনে দ্বিগুণ জার ফল॥ কাল্যা মুগুর বুনে ঝড়া মারিবার তরে। নাগর জুয়ালি ধান্য বাছা বুনিল ডাঙ্গরে॥ এনাচিতি লালবন্দ উভে নাঞি বাডে। গুড় জুড়ালি খেজুরণ্যৃপি চাকড়িয়া পড়ে॥ ভূতমুড়ি কেউদমুড়ি ফুলকান্তি সনে। জামাঞিলাডু বিষ্ণুভোগ গন্ধরাজ বুনে॥ হেমান্তি পাটদালি বুনে শুকনি ঘিকলা। সোলপনা চাঁপারুণ্যা লাউসালী ভোলা ॥ আস্থনৌরি চামরসালি বুনে পায়রাবস। রামদালি দিতাদালি সভাকেশরস॥ তিলসাগরি কাল্যা জীরা বুনিঞা বিসরে। বুনিল অমৃতদালী আমান্নের তরে॥

লোয়াগ ছা আমফাফডা আদি জত ধান। বুড়া যাতা হাড্যা পাঁজরা আর কলিকান॥ উত্তম শালী চন্দন শালী তুর্গাভোগ বুনে। কিরন কমল বাছ্যা বুনিল জতনে॥ বোরমাট্যা পাটশালী বুনে রণজয়। क्या कालिना दूर्त मकल कृत्र र्यू ॥ জোড়মাধব পিপিড়্যা বুনিল বাসগজা। বুড়ামাত্রা হাতিপাঁজ ধূল্যা বুনে ভোজা॥ বুনিল কর্পূরশালি আপন ইচ্ছায়। হরকুলি বাদরাঙ্গি পক্ষরাজ পাথা জার গায়॥ হাত্যদল মস্ভদনাদ আজালি সিয়লি। প্রলয় গোতম বুনে পরমানন্দ শালি॥ মড়িচ মই পান আশুকাল্যাদ কাল্যাযুগরি। কট্যা মট্যা ধান বুনে ভোজরাজ গৌরী॥ জলা ধান হেমতাই নামি পাঁকজায়। জে চাস করিলে গৃহস্থ ত্বঃখ নাঞি পায়॥ জলাধান বাঁকুই লোটাইয়া জায়। আথল জলের ধান্য জার বিড়া বয় নায়।। ক্ষীরত্বদরাজ বুনে ভোজন মাপুই। মুনিমুক্তাহার বুনে ভোজ বাঁকুই॥

অপর পর নাম আছে কত নাম নিব।
লক্ষীর মহিমাগুন কহিতে নারিব॥
মুক্তাহার ধান্য পায়া রাজা হরিশ্চন্দ্র।
তাহার তণ্ডুলে মুক্তা কৈল্য অনুবন্দ॥
শ্রীধর্মপাত্রকাস্তথি করিল স্থাপন।
ভরিল বার্মতীঘর হয়া অেএকমন॥
এমন মুক্তার অধিবাস করী পুজ।
ধর্মের বিভাহ দিয়া মহানন্দে মজ॥
নিরঞ্জন দেববর কন্যা মুক্তাদেবী।
দানপতি দান কর ধর্মপদ ভাবি॥
রচিল পণ্ডিতরাম ধর্মপদগতি।
দাতাবর্গে বর দিবে জুগের জুগপতি॥

অথ মঙ্গল।

জয় রে জয় জয়

মঙ্গল বাদ্য হয়

মুকুতা গন্ধ অধিবাসন । জতেক আয়, সখি হরিদ্রা আমলকি মুক্তার অঙ্গেতে লেপেণ ॥

স্থগন্ধি নানা ফুলে

চাঁচর কুন্তলে

বাধিল কবরিতে বেনি।

সিন্দুর অলকা চন্দনের রেখা কৌতুকে দিছেন রমনি॥ বন্ধুগণে আনি তরায় নৃপমনি প্রাঙ্গনে বান্দিল ছাঁদলা। করিয়া দির্ব্ব বেদি চৌদিগে কলা উদি খাঁচাইল বনমালা॥ তুষ্ণবি বাজে শানি খঞ্জরি বিনা বেনি আনন্দ রাজার ভবনে। মৰ্দ্ধপূৰ্য্য জেন জতেক ব্ৰাহ্মণ বসিল আবিক আসনে॥ পরিয়া শুক্ল বস্ত আসনে কুশ হস্ত নূপতি কৈল আচমন। মাধব স্মঙরণ সস্তিক বাচন করিল সঙ্কল্প রোচন॥ পূজিল গজানন ঘটে আবাহণ সূর্য্য বিষ্ণু মহেশ্বরে। গৌরি পূজিয়া রাজা করিল সষ্টিপূজা মার্কণ্ড পূজে তার পরে॥ ক্রমে সে জথাবিধি মহি গন্ধ আদি नलाए मुख्नात ह्यान्।

্সূত্র বন্ধণ করি প্রশস্ত পাত্র ধরি নিমুছিয়া ফেলে পান্॥ হইল সম্ভোদ্ধনি ঘণ্টার ডনচনি কনকসিথি দিল সিরে। অঙ্গনাগণ গিয়া জলধারা দিয়া মুক্তাকে নইলেন ঘরে॥ ভবদেব বুঝি গোর্য্যাদি মাত্রি পুজি ্য়তেতে দিল বস্থধারা। জপিয়া জিশ্বমন্তে নান্দিমুখ তন্ত্ৰে বিভা দিতে হল্য তরা॥ ব্রাহ্মণ বেদগান অম্বর দিয়া দান वत्र रिक्ला नित्रक्षरन । জৌতুক নানা ধনে তুসিল নিরঞ্জণে করিয়া গ্রন্থির বন্ধনে॥ বেষ্ট্রিত হয্যা বরে উর্থণ থালা করে জামাতা নির্ম্মছিল রাণি। করিয়া করপুটে মুকুতা কপটে **(होनित्र) जयजयर्किण ॥** গঙ্গাজ্বল কুষে অম্বিকা অভিলাদে

कत्रिल युक्ता ममर्थन।

জৌত্তক নানাধনে কুরিয়া গ্রন্থির বন্ধন ॥

অরুণ ধৃতি সারি পাণি গ্রহণ করি

লর্জ্জা হোম তার পরে।

আসিয়া বামাভাগে জলধারা আগে

মুক্তাকে নঞা গেল ঘরে॥

থির ভোজনে বাসর সঅনে

রহিলেন নিরঞ্জন্।

অনাদ্যে করি ধ্যান্ শ্রীরামাঞে গান্

হরি বল বন্ধ জন॥

অথ চনাপাবন।
সূবর্ম থলাতে আমিনি চনাত ভাজিয়া।
অফ কলাই তণ্ডুল তায় দিল মিশাইয়া॥
পশ্চিম হুয়ারে আছে বস্তুআ আমিনি।
চলিল ধর্মের ঘরে জয় জয় জনি॥
চারি দয় গতি সঙ্গে বস্তুআর গমন।
ধর্মের ঘরেতে গিয়া দিলা দরসন॥
চারি দয় গতি আইলা জয় জয় দিয়া।
সোতাই পণ্ডিত চনা দিল উছর্গিয়া॥ ১॥

রজতের খলাতে আমিনি চনা ত ভাঁজিয়া। অফকলাই তণ্ডুল তায় দিল মিধাইয়া॥ দক্ষিণ হুআরে আছে চরিত্র আমিনি। চলিল ধর্মের ঘরে জয়জয়র্দ্ধনি ॥ অফ্টস্য গতি শঙ্গে চরিত্রার গমন। ধর্ম্মের ঘরেতে গীয়া দিল দরসন্॥ অফ সয় গতি আইল জয় জয় দিয়া। নিলাই পণ্ডিত চনা দিল উর্ছ গিয়া ॥ ২ ॥ তাম্বের খলাতে আমিনি চনা ত ভাজিয়া। অফকলাই তণ্ডূল তায় দিল মিধাইয়া॥ উদয় তুয়ারে আছে গঙ্গা আমিনি। চলিল ধর্মের ঘরে জয়জয়র্দ্ধনি॥ বারসয় গতিসঙ্গে গঙ্গার গমন্। ধর্ম্মের ঘরেতে গিয়া দিল দরসন॥ বারদয় গতি আইল জয় জয় দিয়া। কংশাই পণ্ডিত চনা দিল উছ গিঁয়া॥ ৩॥ মৃত্তিকার থলাতে আমিনি চনা ত ভাজিয়া | অফকলাই তণ্ডুল তায় দিল মিষায়িয়া॥ গাজন হুয়ারে আছেন হুর্গা আমিনী। **চ**िल्ल धर्मात चरत जयक्रयक्रिमी ॥

সোলসয় গৃতি সঙ্গে তুর্গার গমন।
ধর্ম্মের ঘরেতে গিয়া দিল দরসন॥
সোল সয় গতি যাইল জয় জয় দিয়া।
রামাঞি পণ্ডিত চনা দিল উছ গিয়া॥
গাইল পণ্ডিৎ রাম চনাপাবন সার।
ধর্মের গাজনে দেয় জয়জয়কার॥

৺ শীশীহরিঃ॥

নমোহং দেবোনাথং স্থন দেব
কহ গোসাঞি কায়া সম্ভেদ ॥
আমার গোতিকর তৃদশের য়োধিপতি
কোনমতে কায়া হয় উৎপতি ॥
কোনমতে আদি বিন্দু হয় পবন সঞ্চয় ।
কোথা বৈষে রোবি সোষি কোথা মন রয় ॥
কোনমতে হয় দেব উৎপতি প্রলয় ।
কোনমতে আদিনাথ কহ দেব কায়ার পরিচয় ॥
মহাদেব কহন্তি স্থন পার্ববিত কায়ার নিতি।
রজ বিজ্জে হির হয় জেন প্রকারে ॥
হেদেবি। প্রথম মাসেতে গর্ভে বিন্দু হয় নিচল।
দোজ মাসেতে গর্ভে বিন্দু ধরে নানা বর্ম ॥

रिका मारमरक गर्स्ड विन्दू बद्ध गना गना। চারি মাদেতে গর্ভে বিন্দু ফাটন্তি। অষ্টম মাদেতে গর্ভে গলায় অফ্টাঙ্গ জোতি॥ নবম মাসেতে গর্ভে ভ্রময় আকাস। পৃথিবিতে পোড়িলে কায়ার নির্মানমূত্তি। **मम बारम मममिम बुद्धि ।** স্থন স্থন পার্ব্বতি কায়ার নিতি॥ পার্ব্বতি বলেন ভো দেব কহ কহ আর বিচার। কেমন ভেদ কেমন বর্ণ কেমন সম্ভা। মহাদেবো কহেন স্থন পাৰ্ব্বতি সক্তি উগ্ৰা। তৃথগু কোমল পল মজা সাতপল গোজা। আট পল বীষ্য সোঁফা গুড়া রক্তজাহাজ। মায়া মনুষ্টের অন্ত নাঞি পাই। পার্ব্বতি বলেন ভূদেব মায়া মনুষ্টোর অন্ত করন বিচার।

হে দেবি চারি আন্থল ফোপস হয়। তিন অঙ্গুলি মন কোথন। আঠার অঙ্গুলি পিট কোচল। চোদ্ধ অঙ্গুলি পছিমা মঘ্য়। হয়। পছিমা মন্ধ্ৰার মর্দ্ধে ডাহিন বামেতে জার স্থল্য কার সন্ধি। চিত্ত্। গ্রাশিলে অঙ্গে নাঞি বিনাস। ভো দেব মাতু গত্রে তেজিয়া পুত্র পোড়িলে কি হয়।

হে দেবি। আপ হয়। তেজ হয়। হেরঙ্গ হয়। ত্তরঙ্গ হয়। লবহংশ হয়। তৃধাউৎ হয়। চোগ্রভুবন বর্ম হয়। ইহার মোর্দ্ধেতে জার জর্ম হয়। তার পরম বুদ্ধি হয়। ইহার মোদ্ধেতে জার জর্ম নাঞি, সে কায়া বিনদ হয়। ১৬ ১ মন নিশ্চল প্রবন অষ্ট অঙ্গুলি জাহাতে হৈল দেবি পবনের জর্ম। মহাদেবো কছন্তি স্থন পাৰ্ব্বতি তলপাকে কোতুলিপা বলি। কোতুলি পায়ের উপরে সেত হাড় বৈষন্তি। সেতহাড়ের উপরে চক্র হাড় বৈশন্তি। চক্রহাড়ের উপরে অভ্যাকমলার বৈষম্ভি। অভ্যাকমলার উপরে ঋদয়মনি বৈষন্তি। ঋদয়মনির উপরে নাটিকা বৈষন্তি। নাটিকার উপরে ঘোটিকা বৈষন্তি। **८१ (मिर्व) नाकरक किজन (वालि, मध्य (वालि,** वक्का (वालि। कर्नटक अंत्रक्र (वालि। हक्कृटक গগনদেষ বোলি। গগন দেশের মদ্ধে মায় পুরুষ আছন্তি, জোথি হইতে নিদ্রা য়াছাদন করন্তি। ছে দেবি। মস্তকে তোসি সোফা বলি। চরনকে কাঞ্চন বোলি। নত্তরকে বাহন বোলি। কাঙ্গালি

ডাণ্ডাকে মেরুডাণ্ডা বলি। মেরুডাণ্ডার মদ্ধে তৃদেবা বৈসন্তি।

ভো দেব কোনরুপে কোন দেবো বৈশন্তি।

হৈ দেবি ব্রহ্মা বৈষন্তি ব্রহ্মরুপে। বিষ্ণু বৈষন্তী
বিশ্বরূপে। মহাদেবো বৈষন্তি কালরুপে। হে দেবি
রজগুণে ব্রহ্মা। সতগুণে বিষ্ণু। তমগুণে মহাদেব।
স্থন স্থন পার্ক্বিতি গো কায়াসন্তেদ॥।॥

রুদ্রাক্ষের জন্ম। কহন্তি পার্ব্বতি। ইতি॥
সোল সয় গতি নিঞা পণ্ডিত রামাঞি জান।
সেই পথ দিয়া মার্কগুমুনি জান॥
ধুপ ধুনা ঘোর অন্ধকার।

বলেন কোপিল মুনি স্থন হে মার্কণ্ড রিষি কোথা স্থনি জয়জয়কার।

মিথ্যায় বাদ্য বাজে মথ্যায় আলম চড়ে মিথ্যায় সন্ধ বাজে মিথ্যায় দিজ করতার॥

কি বোল বলিলে দোরি, হা মার্কণ্ড রিসি, অফীঙ্গ জিল্রা তোর খোসিঞা পোড়িব; ধ্যানে জানিলা নিরঞ্জ। বলেন পণ্ডিত রাম স্থান প্রস্থা প্রজা কি কারণে কোরি।

ত্তমা নিন্দা কৈল মার্কণ্ড মুনি লর্জা পাইল রিসিপুরি॥

সম্পাৎহো করি সিকে দেখিব বিভাষান। অফ কুফ চোল্যা জাক শ্রীমার্কণ্ডের স্থান। আত্যের ধবল কুষ্ঠ স্থথে জাঞা বৈষে। কালা গলন্ত কুষ্ঠ্যা নাগিল ভালে॥ চড়চড্যা কুষ্ঠে ব্লিদি নাঞি পান স্বাস্ত। কাঁদিঞা বিকল রিসী নাঞি পান প্রথ॥ মাংশ গোলিঞা তার অস্তি হোল্য দার। কাদিঞা চোলিল রিসানি কোরিতে গোহার॥ গুরুবার দিনে রিসাদি নিয়মে বোহিল। স্ক্রক বার দিনে রীশানি সজুক্ত কোরিল। পোহাইল রাম রাত্রি প্রর্ত্তব বিহান। প্রভাতে কোরিল ঋষানি প্রাত্রশান ॥ আলচালু কাঞ্চা দৃগ্ধ নিঞা ধর্ম মণ্ডপ গেল। ত্মেকমনে একচিত্রে নিরঞ্জনে অর্ঘ্য দিল।। মাগ মাগ রিষানি মাগিয়া লেয় বর। কি বর মগিব প্রভূ দেব গদাধর॥

নাঞি চাইব ধন জন নিফল ভাণ্ডার।
বারেক স্বামি দান দেহ তৃদ্দিরের ণাথ ॥
তথন প্রমেশ্বর কোন কাগ্য কৈল।
সাটি হাজার ঋষিকে ডাক দিঞা আনিল॥
ঘোর তৃণা কোর্যা মহারিসিকে বান্ধিঞা পেলিল।
শ্রীপতৃ হাত মার্কণ্ডের গায় বুলালেন॥
সল্যাস পূর্ণ হোল্য নিরঞ্জনের বরে।
জে মুথে ধর্ম্ম নিন্দা কৈল মহা ঋষি।
তীল প্রমাণ কৃষ্ঠ মুথে রোহিল ধর্ম্ম শাস্ত কোরি সার।
বর দেম য়নাদি করতার॥ ০॥

মহিদ বাহনে দেখ জম নূপবর

চিত্রগুপ্ত জাহার করন।
হাথে লোহার ছড়ি গোছা গোছা চামদড়ি
কালবেকা ছুইজন ॥
জার আয়ু টুটে তারে চিত্রগুপ্ত কছে
কাল বেকাল ধোর্যা নঞা জায়।
জম ধর্ম ছুইজন বোষ্যা আছেন দেবসভায়॥
ধর্মবিচার জেবা করে পাপ পুর্ণের ফলাফল
শাস্তজ্জ জেই জন।

অৰ্ণ বস্ত মোহি

তিল কাঞ্চন হেম

স্থরভিত্রহিতা কন্যাদান॥

পুর্বজর্মেতে সেই উর্ত্তম স্থানে ভোগ ভূজে

দলাঘড়া নৃপের সমান॥

মা বাপকে নাঞি পুষে ইফ কুটুম্ব মুষে ভূকিসোদি করয়ে নৈরাদ।

কাপাস বিচে উনতুলে পোখুর গোচারন্ ভাঁগে হালে সম্ভ জর্ম সোকর গরাস॥

ধ্যার্যা রিন্ স্থধিতে নারে ঘড়া হয্যা পিকরে বাউরি হঞা বহে দলামাল।

পাঞা সাধু না দেই খড়ি সে হয় চামার জাতি গলায় গরগণ্ড হয় উন জার মাল॥

প্রের জাঙ্গাল কাটে কাটা থঁচা পুঁতে বাটে তাথে জম উভে দেই সাল।

নিঞা বির্ভি নাঞি অেড়ে ্ভণ্ডল বুড়ি করে চন্দ্রসূর্য্যে চির্যা পেলে গাল॥

চুরি ডাকা জেবা করে তাথে জম করাতে চিরে গৃহবাদে ভেজায়ে পিঙ্গল।

ছাতা পানঞি চুরি করে গুআলে ক্রিংঙ্গার করে সয়ন উদরে হয়ে স্থল॥

বড় লোক হাত তুলে তাম কুফ হয়ে গালে

ঠেটা ঠঁটা হয়ে হাত পা। সোদর ভাগিনাকে মারে চাপড়ের ঘাত। আচন্বিতে হয় কম্প বাত॥ খুডুই জেঠুই হরে মাউদি মামিনি। গুরুপত্নি ব্রাহ্মণি করয়ে বিবাস। কুড্যা কুঠ্যা হয়ে ছাগল হোঞা ঘাস খায়। কন্দ ছেদ হয়ে সাতবার॥ মিনি দোষে ব্যালি স্ত্রিকে দেই সাস্তি। আখণ্ড বোরুজে পান তুলে। কুঞিল্যা গোরুকে আগে হালে জুলে॥ যে সব লৰ্ক কুণ্ডেতে হয় স্থান॥ রজম্বলা শ্রীহরে যবস্তি বালিতা তাকে জম ফেলে কুম্ভিপাকে। পাকসালে জেবা নারি বিখারয়ে তণ্ড। রাডি ব্রাহ্মণি আসি খাবেক ভাইকে বাডাঞা দিবেক যঙ্গ। তার পাপে মোরিল জান্নবি গাঙ্গ॥ বৌডির হাথে সাউড়ি হবেক দণ্ড। চামার হবেক পণ্ডিত পণ্ডিত হবেক ভণ্ড॥ রামাঞি পণ্ডিত কহে স্থনহ সর্বজন। কলির মাহিত্ত এই করিল স্থনহ সর্বজন॥

আমিনী॥

ধর্ম পুজ আমিনী হইয়া অেকমন্। পুজিলে অভিষ্ট শির্দ্ধ করে নিরঞ্জন্॥ স্নান করীঞা আমিনী সব অঙ্গে হৈল জতি। পরিধান বস্ত্র তেজ্বঞা পরিল স্কুক্ল ধৃতি॥ হবীস্থ কই আমিনী অঙ্গে ফোটা লিঞা। ধর্মের গাজনে আমিনী উত্তরিলা গিঞা॥ গন্ধ শোধা আমনী লিল ধুপ ধুনা। আতপ তণ্ডুল খণ্ড কিছু ভাজা চনা॥ সম্ভো ভরীঞা লিল নারিকেলের জল। সিতল জল লিল কেসোরি পানিফল ॥ নানা জাতি পুষ্প লিল স্বজতন করি। ভক্তি করী দিব ধর্ম পাত্রকা যুপরি॥ গাইল পণ্ডিত রাম নম সত সার। হরি হরি বল সভে জয় জয়কার॥ পুজগো আমিনী ঠাকুর করতার। তারিকেন কৃষ্ণচন্দ্র স্থনগো ব্যাহার॥

সত্য যুগে ব্রহ্মা কৈল ই ঘর ভরন্। সেত পণ্ডিত নঞা করিল বরন্॥ স্থবর্মের বারি ণঞা করীল স্থাপনা। পাত অর্ঘ দিয়া ঘট করিল অর্চনা ॥ তলে ধান্য দিল উপরে আত্রপল্লব। বেদমন্ত্র পড়িয়া ঘটে দিল শ্রীফল॥ স্থগন্ধী চন্দ দিল পুষ্পের মালা। সিন্দুরের রেখ দিল স্থভক্ষন বেলা॥ পুজা করীতে আমিনী হইল একমন। পদ পক্ষলিয়া করিল আচমন ॥ নিয়ম করিঞা পণ্ডিত ফোটা দিল মাথে। হরিষ হঞা সভে স্থনহ একচিত্তে॥ 🖣 ধর্ম্মের পদে করিল আবাহন। মহাঁবাক্য করীঞা পুজা করীল তথন ॥ মহাবাক্য করি আমিনি হরশিত মনে। নানা উপহার দিল পরম জতনে॥ লোতন বস্ত্র দিঞা ঘটে বাঁন্দিল মুড়ালা। আনন্দে নিত্যগীত প্রভুর তপসালা॥ চারি স্যু গতি-নঞা मिकन छुत्रादि शिक्षा নৈবেছাদি নঞা ভারে ভার।

আটশয গ [তি] হইল প্রভূর সাক্ষাতে গেল গোসাঞি করাইল আগুসার॥ পূৰ্ববদ্বারে আমিনী জাঞা গঙ্গাকে ডাকিল গিঞা ञ्चन गन्ना जामात वहन। গঙ্গা বলে ভগবান্ কর প্রভূ যবধান পাদ্য অর্ঘ্য যোগাইল আসন॥ গঙ্গা দিল খণ্ডসর্করা মধুর আদি চাঁপাকল। কেসরি পাণি ফল। বারষত্ম গতি ছিল গাজান হুয়ারে গেল আনন্দ হইলা শভাতল॥ গোশাঞের বাত্রা পাঞে তুর্গা ঘট দাসী আল্যা ধ্যাঞা জোড়াহাথে করে নমস্কার।

তুর্গা বলেন করতার তুমি সংশারের সার স্থন প্রভূ বচন আমার॥

সোলসয় গতি হইল প্রাভুর শাক্ষাতে আইল সভে গেল পঞ্চম তুয়ার।

গোশাঞের বাতা পায়া প্রথম ছয়ারে গিয়া জার দঙ্গে অনেকগতি।

ভাবিয়া ধর্ম্মের পায় রামাঞি পণ্ডিত গায় তব পদে রহে জেন মতি॥

আমিনীকে ছুয় না জমত্বত ভাই। স্থন শেবক করিঞা থুইল নিরঞ্জনের ঠাই 🎚 পাটা ফোঁটা দেখ আমুনীর গলায় তুল্সী। আজি হৈতে করীঞে থুইব নিরঞ্জনের দাসী॥ পশ্ছিম তুয়ারে আমিনী কেমন বিচার। কান্ধে উত্তরী পাটা চক্র কোটাল॥ দক্ষিন প্রয়ারে আমনী কেমন বীচার তিরতরকস হাথে হনুমন্ত কোটাল॥ পূর্ব্ব ছুয়ারে আমিনী কেমন বিচার। দ্বাদস আদীত্ত সঙ্গে সূৰ্য্য কোটাল॥ গাজন তুআরে আমিনী কেমন বীচার। বিষ্ণুর বাহন আইলা গরুড় কোটাল ॥ পঞ্চম ছুয়ারে আমিনী কেমন বিচার। -প্রভূর বাহন সঙ্গে উল্লুক কোটাল। গাইল পণ্ডিত রাম ধর্মপদ্রগতি। আমিনীকে বর দিহ যুগের জুগপতি॥ ১॥ পচিছম তুয়ারে আমিনী কেমন বিচার। সেত পণ্ডিত জোথা চন্দ্ৰ কোটাল॥ চারীসয় গতী বস্তুতা ঘট দাসী। ্রোম ছুক্ত কুরিঞা দিল তামু প্রস্তি #

দক্ষিন ছুয়ারে ভাই কেমন বীচার। লিল পণ্ডিত আর হনুমন্ত কোটাল ॥ আটসয় গতি চরিত্রা ঘটদাসী। হোম জভ্ত করিয়া দীল তাম অঙ্গুরি॥ পূর্ব্ব তুয়ারে ভাই কেমন বীচার। কংশ পণ্ডিত জোথা সূর্য্য কোটাল।। বারশয় গতা আইল গঙ্গা ঘট দাসী। হোম যগ্য করিঞা দিল তাম্ব অঙ্গুরি॥ গাজন তুয়ারে ভাই কেমন বিচার। রাম পণ্ডিত আছে গরুড কোটাল। সোলসয় গতী হুর্গা ঘট দাসী। হোম জগ্য করাঞা দীল আন্ব অঙ্গুরি॥ পঞ্চম তুয়ারে আমিনী কেমন বীচার। গোশাঞি পণ্ডিত আর উল্লুক কোটাল 🛙 🦈 বিসাশয় গতি আমনী ঘট দাসি। হোম জগ্য করিঞা দিল তাত্র অঙ্গুরি॥ গাইল পণ্ডিত রাম অনাদ্যের বরে। ধর্মের মায়াতে কেহো স্থির হতে নারে। বেদ বেদ করি ব্রহ্মা পাতম্ভি রোল। কোন কোন বেদ জ্বনা অবেক্ত বেক্ত কোরি বোল ॥ সেই ষে এক্সা জগৎপূজিত নাম।

যোক্ট কোক্ট নাসিকা প্রাণ সমন

উন্তান উব্যান বাহির বন্দি।

আন্ত জ্ঞাণের অলপ পাপ ছেদন।

স্থন স্থন হে ব্রক্ষা ইহাকে বোলি চতুর্বেদ।

সামবেদ বিষুল ভেগে রাঙ্গালাল স্থবর্ম শুধির

চাঁদে সূর্য্যে তুই পক্ষ বন্দি।

যোষ্ঠ কোষ্ঠ নাসিকা প্রাণ সমন উদ্ধান

উব্যান বাহির বন্দি॥ আছ্য জ্ঞাণের অলপ পাপ ছেদন। স্থন স্থন হে ব্রহ্মা ইহাকে বোলি শ্রীপঞ্চমবেদ॥

হেন তত্ত্ব কহিল সার।

স্থন হে ঠাকুর করতার॥

প্রী শ্রীকৃষ্ণঃ॥

পঞ্চম বেদ কথন্তি শ্রীপণ্ডিত রামাঞি

সন্থ উপজিল পণ্ডিত সম্থের চার।
কহ কহ পণ্ডিত আগ্রের সম্থের প্রচার॥
আদি সন্থ ভোরি বার্ম্মতি।
হোরিহর সন্থ পাপে মুক্তি॥

জোদি হয় সন্ধা ভবনোদি পার।

ঘাদশ অঙ্গুলি সন্থের চার॥

কমলে ভর কোরি সন্থা সাজন্তি পানি।

দক্ষিণাবর্ত্ত সন্থা সন্ধা প্রাণি॥

কে কোরিল গয়া কে কোরিল গঙ্গা।

থৈর গোদি শমুদ্রে উপজিল সন্থা॥

সে শন্থা সন্থারি কাটে।

সে সন্থা বিকায় হাটে॥

কোন বন্ধ কন নাম ?

অজয় সন্থা বিজয় সন্থা অস্বীকানি মহামনি সন্থা।

রামাঞী পণ্ডিৎ কহে সন্থোর জর্ম্ম॥

শ্ৰীশ্ৰীধৰ্মঃ॥

অথ গৃহভরণ স্থাপন সামগ্রী॥

দেবরাজস্য স্থাপন কে। বস্ত্র ৩২। তামবাটা ২। পঞ্চপ্তত্তী ৫। বট পত্র ১০ দশটা। গদ্ধপুষ্প। গণেশ ঘট ১। পাঁচ কলস। স্নান দ্রব্য ধাত্তা, পঞ্চপল্লব, গদ্ধ, সিন্দূর, ফল, পুষ্প, বস্ত্র। লক্ষ্মীকে পাই ১ মুকুট ৫ নারিকেল ৩ পতাকা ১১ নৈবেদ্য। ততো বরণসামগ্রী।

শ্রীশ্রীধর্মকে বরণজোড় বস্ত্র ১, অঙ্গুরী ১, গুবাক চন্দন। এবং গুরুদেবস্থা এবং ধর্মাধিকারী। এবং ভোগবটু। এবং পণ্ডিত। এবং দেউল্যা। এবং দাদশ ভক্তানাঞ্চ ॥ ১২ ॥ ততঃ আমিনী। তত্র গায়ন, বায়ন, মালাকার, জল সাম্পুট। দৈবজ্ঞ তথা ধর্মপুরোহিত। এবং ২৫ কে বস্ত্র ২৫, অঙ্গুরী ২৫, উত্তরী ২৫।

কুবের স্থাপনকে পিড়া ১, ট'কা ১, মুকুট ২, গুবাক, হরিদ্রা, কড়ি কিছু, বস্ত্র ২৷ এতদ্ধি।

কামিনা তোলন কে। ঘট ৫, কলস ১, বস্ত্র ৮, জাতিফল ১, নারিকেল ১, পঞ্চপল্লব, পঞ্চপ্ততী, পঞ্চামৃত, মুকুট ১।

অধিবাস সামগ্রী।

विन्नहार्ग २। नवम्खरक कांठा ১। निर्वेक्षः। वक्षणः वक्षणरक निरवागु, राक्ष, शिन्मृतः। এতদ্ধि। শস্তারী বৃক্ষ ছেদন কে। বন্ত্র ২, নৈবেদ্য, ভৈল, ছরিদ্রা, গন্ধ, সিন্দূর, ফল, পুষ্প। বৃক্ষকে বন্ত্র ১। অধিবাসসামগ্রী। উত্থান সাক্ষ। কর্মকারকে বন্ত্র ১। অসুরী। মাল্যচন্দন।

লোহপিণ্ড পূজনকে নৈবেদ্য পুষ্প।

মুক্তাধিবাসনকে দ্রবা। পিড়া ১, মাজুর ১, বন্ত্র ১, আসন ১, ট'কা ১, তগুল ১২ বার পাই, ডাবু ১, এলাইচ ৫, লবঙ্গ ৫, জাতীফল ২, গুবাক ১২, হরীতকী ১২, হরিদ্রা এক মুঠা ১, কড়ি এক মুঠা, জাঁতি ১, কাজললাতা ১, কোটা ১, সর্বেবাষধি, পঞ্চরত্ব।

ওচনাকে ভূনি ১, শব্দ ২, খটকে বন্ত্র ২। কোলসরাকে গুবাক। হরীতকী। কড়ি কিছু। কুন্দালাড়। অলক্তক। সূত্র। ঘট ১০। অধিবাস সামগ্রী। প্রশস্তপাত্র।

নান্দীমুখ আদ্ধকে বস্ত্র ৬, তণ্ডূল ১২, বার পাই, গুবাক ৫ পাঁচ গণ্ডা, খই তুই ডালা, কুণ্ডা লাড়। আবাটা তৈল হরিদ্রা। চন্দন মাল্য। মুকুট ২। নৈবেদ্য। বরণ-সামগ্রী সর্বেবধাং এতদ্ধি।

ষর কাণ্ডারণকে দ্রব্য ॥ তৈল ৩ তিন পাই। কাল্যা জিরা ১ এক সের। সিন্দুর ১ সের। কৃষ্ণতিল ৩ তিন পাই। মুস্থরি কলাই ৩ তিন পাই। বিরিকলাই ৩ তিন পাই। ফাগু ১ এক সের। আবির ১ এক পাই। কড়ি ১২ বার পন ॥ মৃষ্টি স্থাপনকে দ্রব্য। গুবাক ১২। পান ১২। পাছড় কাপড় ১। নৈবেদ্য॥

বৈতরণীকে। ধেনু ১। বস্ত্র ২। তিল ১ এক পাই। তাম ১। স্বর্ণ ১। রূপা ১। দ্বাদশ দান। মুকুট ১। ঘণ্টা ১০॥

অগ্নি স্থাসকে । বস্ত্র ১ । চড়ককান্ঠপূজাকে বস্ত্র ১ । উৎসর্গকে বস্ত্র ১ ইতি । এবং বস্ত্র ৬ । ঘট ১২ । নারিকেল ৮ । জাতীফল ২ । লবঙ্গ ৫ । এলাইচ ৫ । অঙ্গুরী ২৫ । উত্তরীয় ২৫ । পিড়া ২ । টাঁকা ২ । ছাগ্র ১২ । আত্প তণ্ডুল ৩ তিন মাপ । গুবাক ৩ বার সের । ইত্যাদি ।

পূজার নিবন্ধ। প্রথম দিনে তগুল ১০ দশ পাই। খণ্ড গুড় ২ ছুই সের। ছগ্ধ অর্দ্ধ সের। দিধি অর্দ্ধ সের। গুবাক ১৫ পনরটী। কলা ভণ্ডা ১ একটী। পত্র ১৫ পনেরখানি খালা ২০ কুড়িটী। চন্দন পুপ্সমালা ১৩ তেরটী। এবং প্রতিদিন দ্বিতীয়দিনাৎ একাদশদিনপর্যন্তমেবং।

ততে। ভোগনির্ণয়। তণুল ৩ তিন সের। চ্গা ১ এক সের। খণ্ড অর্দ্ধ সের। পত্র পাঁচখানি।

ততো ঘারভেট। তণ্ডুল ১ এক সের। হরীতকী ৫। বস্তু ১॥

ে বাজের নিবন্ধ । পুরোহিতের বার দিনে । তণ্ডুল । ১০ তিন সলা। ডালি ১২ বার পাই। নবন ৮০ তিন সের। তৈল ১০ তিন পাই। চিড়া মুড়কি ১০ তিন সলি। লাড়ু বার পুঞ্জি। পানবিড়া ১২ গণ্ডা। ছগ্ধ ৬ ছয় পাই। খণ্ড ১॥ ছয় পুয়া॥ এবং পণ্ডিতের॥ এবং দেউল্যার॥

ধর্মপুরোহিত ভোগবটুঃ। তস্ত তণুলসিধা সমেত /২ বাইস পাই। ডালি ১ এক পাই। নবন অর্দ্ধ সের। তৈল অর্দ্ধ সের। জলপানসামগ্রী কিছু॥

গায়েনের নিবন্ধ ॥ তণুল দিন প্রতি ৫ পাঁচ পাই ॥ ডালি ॥ । তলাড়াই পুয়া। নবন এক পুয়া। তৈল এক পুয়া। জলপান ৫ পাঁচ পাই। দধি ২ ছই সের। বিড়াপান ২॥ দশটী॥

বায়েনের ॥ তণ্ডুল ১।০ পাঁচ পুয়া। ডালী অর্দ্ধ পুয়া। নবন /০ এক ছটাক। তৈল এক ছটাক। দধি অর্দ্ধ সের। জলপান ১।০ পাঁচ পুয়া। পান তিন বিড়া॥

মালাকার॥ তণ্ডুল ১ ডালী 🗸 অর্দ্ধ পুয়া। নবণ এক ছটাক। জলপান ১ এক সের॥

দৈবজ্ঞ। তণ্ডুল ১ এক পাই। ডালী অৰ্দ্ধকনা। নবণ ১ ছটাক। ভৈল ১ ছটাক। জলপান ১॥।

ভাগুরী। তণ্ডুল ১ পাই। ডালা অর্ককনা। নবণ ১ ছটাক। তৈল অর্ক ছটাক। জলপান ১।

নাপিত। তণ্ডুল ১ পাই। ডালী অৰ্দ্ধ ছটাক। নবণ ১ ছটাক। অলুপান ১ পাই। এবমন্যেকাং। বাদশ ভক্তার নিবন্ধ ॥ আতপ ১ সের । দুঝা । আর্দ্ধ । আর্দ্ধ । আর্দ্ধ । বাধি ১টা । কাষ্ঠ ৪ খানি । পত্র ১ খানি । তথা কলসী বার ভক্তাকে বারটী ॥ দক্ষিণা । প্রীশ্রী৺নিছনী টং ১ বিদায় ১ । ভোজন দক্ষিণা ॥ এবং টক্ষ ২॥০ দশ দিকা বস্তা ১ ॥

(मউन्गात विनाय है:). वज > ॥

গায়ন ॥ দক্ষিণা টং ৩। বস্ত্র পাগ ১ পটুকা ছইকে ২ জ্বোড় ১ পাছড়া ১ টোডর তিনকে ৬ অথবা যথাশক্তি॥

वायन ॥ छे: ১। वञ्च ১॥

পণ্ডিত ॥ ঘর দর্শনী টং ১। বিদায় ২ এবং ৩। বস্ত্র পাগ ১। জামা ১। পটুকা ১। পাছড়া ১। টোডর ১ জুড়ি॥ অথবা যথাশক্তি॥

নিজ পুরোহিত ধামতি কণী তস্য। বস্ত্র জোড়া ১।
দক্ষিণা টং ২। ছাদশ দান মূল্য ১। বৈতরণী দক্ষিণা টং ॥
চণ্ডির দক্ষিণা ॥০। হোম দক্ষিণা ॥০ এবং অ১।
ধাল ১ ঘটা ১ বাটা ১॥ ভোগবটু দক্ষিণা টং ॥০। ভোগরন্ধনকা ৩৯/০ এবং ॥৯/০ বস্ত্র ১। ছাদশভক্তার টং ৩। মালী
॥০। ভাণ্ডারী ॥০। নাপিত ॥০। দৈবজ্ঞ ৯/০ এবং ১৯১/০॥
লুয়াপুতার ॥০ উনিস তক্ষা এগার আনা ॥ মৃষ্টিস্থাপনের
মুক্তার উঢ়নীর আসনের বস্ত্র পণ্ডিতের হয় ॥ আদ্য স্থাপন
গণেশ ঘটের লক্ষ্মীর মুক্তাধিবাসনের নান্দীমুথের, চড়[ক]
কার্চের অগ্রিস্থানের ধোড়শোপচারপূজার বন্ধাদি সামগ্রী

নিজ পুরোহিত ধামাতিকর্ণীর ভোগকালে আসনের বস্ত্র শেষ দিবসের দেউল্যার। থাল, গাড়ু, কোটরা শ্রীশি-পাত্রভোগের বস্ত্র ভোগবটুর ১। পাটের কামিনার বস্ত্র পাটভক্তার। গামারি রক্ষের বস্ত্র সন্যাসীর। দণ্ডের বস্ত্র দণ্ড সাক্ষইর। কুবেরের বস্ত্র মালীর। বৈতরণীর গরু যজ-মানের পুরোহিতের॥ এবমন্টেষাং॥

লুয়াপুতা কড়ি দেউল্যার হয় কিন্তু পণ্ডিত দায় করিয়া লেই ॥ এবং দার ভেট তণ্ড্ল পাটভক্তার হয় ॥ কোন খানে পণ্ডিতে নেই ॥ কামিনার নৈবেদ্য সন্থাসীর ॥ পাটের নৈবেদ্য পাটভক্তার । কামিন্থার বস্ত্র কোনখানে সন্থাসী নেই ॥

দ্রব্যবিভাগ ॥

মহাপ্রসাদ সর্বলোককে দিয়া জে থাকে তাহা আ সাড়ে তিন অংশ করিয়া একাংশ ধামাতিকর্ণীর একাংশ পণ্ডিতের একাংশ দেউল্যার ॥ প্রীশ্রী প্পূর্বনিবন্ধ ভোগ-বটুর, কুবের মালীরা ইতি ॥ গৃহভরণ শ্রীশ্রী প্পূজা-পদ্ধতি সমাপ্তঃ ॥

শ্রীঅর্জ্ন পণ্ডিত: ॥ শ্রীশ্রীধর্মায় নম: ॥ শ্রীশ্রীরাধা-কৃষ্ণাভ্যাং নম: ॥ ২১৯ পাতায় "কালিমাজাল্লালের" পাঠান্তর এসিয়াটিক-সোসাইটির পুথি (নং ৫৪২৪) রমাই পণ্ডিতের শৃশুপুরাণ হইতে নীচে দেওয়া গেল।

শ্রীনিরঞ্জনের রূম্মা।

জাজপুর পৃয়বাদি

বেদি লয়, কপ্পয় যুন।

দক্ষিন্যা মাগিতে যায়

সালদহে নাগে কর দিনয় কর্ম যুন। (?)

দক্ষিনা মাগিতে যায়

সাঁপ দিয়া পড়ান ভুবন॥

মালদহে নাগে কর নাঞি পায়

সাঁপ দিয়া পড়ান ভুবন॥

মালদহে নাগে কর না চিনে আপন পর

জালের নাঞিক দিশপাস।

বোলিষ্ট হইল বড়

দধর্মিরে করএ বিনাশ॥

বেদ করে উচ্চারন

দেখিয়া সভাই কক্ষমান।

মনেতে পাইয়া মর্মা সভে বলে রাখ ধর্ম

তোমা বিনে কে করে পরিজ্ঞান ॥

এইরপে বিজগন করে অপ্তী সংহারন এ বড় হৈইল অবিচার।

বৈকণ্ঠে থাকিয়া ধর্ম মনেতে প্রাইয়া মর্ম্ম

মায়াতে হ**ইল অন্ধকা**র॥

ধর্ম হৈল্যা জবনরূপি মাথায়েতে কাল্টুপি

হাতে সোভে ত্রিরূচ কামান।

চাপিয়। উত্তম হয় ত্রিভুবনে নাগে ভয়

খোদায় বলিয়া এক নাম।

নিরঞ্জন নিরাকার হৈল্যা ভেস্ত ঘবতার

মুখেতে বলেন দম্বদার।

যতেক দেবতাগন শভে হয়্যা একমন

আনন্দেতে পরিল ইজার॥

ব্ৰহ্মা হৈল্য মহাঁমদ বিষ্ণু হৈল্যা পেকাম্বর

जामक देशा छल्लान।

গণেশ হৈইয়া গাজি কাত্তিক হইল্য কাজি ফকির হইল্য যত যুনি॥

তেজিয়া আপন ভেক নারদ হৈইল্য শেক

'পুরন্দর হইল মলনা।

চন্দ্র সূর্যা স্থাদি দেবে পদাতীক হয়া সেরে সবে মেলি বাজায় বাজনা॥

আপুনি চণ্ডিকা দেবি তিহঁ হৈল্যা হায়া বিবি পদ্মাবতি হল্য বিবিমুর।

যতেক দেবতাগন হয়্যা সবে একমন প্রবেশ করিল জাজপুর॥

দেউল দেহারা ভাঙ্গে কাড্যাফিড্যা খায় রঙ্গে

পাথড় পাথড় বলে বোল।

ধরিয়া ধর্ম্মের পায় রামাঞি পণ্ডিত গায়

ইবড় বিদম গণ্ডগোল॥

শুদ্ধিপত্ৰ

সত দ	শুদ	পত্ৰ	পংক্তি
তালু মূলে	ভালুম্লে	74	۵
থগ ্	ঋগ্	२२	>•
তামুলং	ভামৃ লং	45	>8
কাটি	কোটী	₽8	28
ম স্ যানা	মুখ্যাণা	44	>>
माधिन ्धा	সান্নিধ্য	86	24
মেখেল	মেখল	> • •	>
নম:	ন:	>00	> ૨
সম্ভূতং	সম্ভূতং	>>	>9

(পং ৮৬—১০৯ নং শ্লোক দেখ। এসিয়াটিক সোসাইটীর ৬০৬৭ নং পুথি দৈবজ্ঞপাঠকক্কত মৌনমন্ত্রপ্রকাশ হইতে নীচে ঐ শ্লোকটীর বিশুদ্ধ পাঠ দেওয়া গেল)

ওঁকারপ্রোচ্নূলঃ ক্রমপদকঠিনশ্চলবিক্তীর্ণাধ ঋক্পত্রঃ সামপুশো ষজুরধিকফলোহর্থবর্গদ্ধং দধানঃ। যজ্জচ্ছায়াস্থলীতো দিজমধুপগণৈঃ সেব্যমানঃ প্রভাতে মধ্যে সায়ং ত্রিকালং শুচিরমূভনিভঃ পাতু বো বেদবৃক্ষ:।



निक्संतिए मिर्नित भतिएय भन

নর্ব	मः था	
471	नरचा	

পরিগ্রহণ সংখ্যা · · · · · · · · · · ·

এই পুস্তকখানি নিমে নির্দ্ধারিত দিনে অথবা ভাহার প্ গ্রন্থাগারে অবশ্য ফেরত দিতে হইবে। নতুবা মাসিক ১ টাকা হিস্ফারিমানা দিতে হইবে।

নির্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিত দিন	নিৰ্দ্ধারিভ
ct/2/150			
1 0 JUN 2002			
		-	
		, .	

এই পৃস্তকধানি বাক্তি গতভাবে অথবা কোন ক্ষমতা-৫ প্রতিনিধির মারফং নির্দ্ধারিত দিনে বা তাহার পূর্বেকেরং হা অথবা অক্ত পাঠকের চাহিদা না থাকিলে পুন: ব্যবহার্থে নিঃ হইতে পারে।